ANNUAL REPORT

2016 - 2017












PADMA OIL COMPANY LIMITED

Letter of Transmittal

To
All Shareholders
Bangladesh Securities and Exchange Commission
Registrar of Joint Stock Companies and Firms
Dhaka Stock Exchange Ltd.
Chittagong Stock Exchange Ltd.

Dear Sir (s)

Annual Report for the year ended 30 June 2017

We are Pleased to enclose a copy of the Annual Report together with the Audited Financial Statements including Statement of Financial Position, Statement of Profit or Loss and Other Comprehensive Income, Statement of Changes in Equity and Statement of Cash flows for the year ended 30 June 2017 along with notes thereon for your kind information and record.

Yours sincerely

(Mohiuddin Ahmed)
Company Secretary

Contents

Core Values	01
Our Vision	02
Our Mission	03
Strategic Priority	04
Company Profile	05
Historical Events of POCL	06
Notice of the Annual General Meeting	07
Board of Directors	09
Corporate Management	11
Corporate Information	13
Chariman's Statement	14
Directors' Report	18
Managing Director and General Manager (Accounts & Finance)'s Statement	53
Certificate on Compliance with the Conditions of Corporate Governance Guidelines	54
Report of the Audit Committee	55
Forty Seventh Annual General Meeting	58
Contribution & Value Additions	63
Auditors' Report	64
Statement of Financial Position	65
Statement of Profit or Loss and Other Comprehensive Income	66
Statement of Changes in Equity	67
Cash Flows Statement	68
Notes to the Financial Statements	69
Proxy Form	98

AMARSTOCK

Core Value

For our Customer

To become most efficient Company by providing the most courteous and efficient service in every areas of Bangladesh.

For our Employees

Promoting well-being of the members of the staff.

For our Shareholders

Ensuring fair return on their investment through generating stable profit.

For our Community

Assuming our role as socially responsible corporate entity in a tangible manner through close adherence to national policies and objectives.

AMARSTOCK



Our Vision

To ensure energy security in the country by uninterrupted supply of quality petroleum products at government regulated price. To strengthen the supply of environmental-friendly and excellence agrochemical products in order to increase the nation-wide agricultural productions.

AMAN STOCK



Our Mission



- To ensure adequate supply of fuels through purchasing, stocking & distribution of petroleum products through out the country with organized management system.
- Development of petroleum related infrastructure.
- Modernizing the marketing and operational activities of the Company.
- To make creative business policy and diversification of products according to market demand.
- Undertaking necessary steps through import, manufacturing, stock, distribution with organized management system in order to supply agrochemical products through out the country.

ANWAR STOCK

Strategic Priority



To have sustained growth, broaden and improve range of products and services in all areas of Bangladesh with the aim to add increased value to sharehoders' investment and offer highest possible benefit to our customers.

AMARSTOCK



Company Profile

CORPORATE HEADQUARTER	:	PADMA BHABAN, STRAND ROAD, CHITTAGONG - 4000, BANGLADESH
RESIDENT OFFICE	:	6 PARIBAGH, DHAKA, BANGLADESH
MAIN INSTALLATION	:	GUPTAKHAL, PATENGA CHITTAGONG, BANGLADESH.
YEAR OF INCORPORATION	:	27 APRIL 1965
BUSINESS LINE	;	PROCUREMENT, STORAGE AND MARKETING OF PETROLEUM PRODUCTS, LUBRICATING & GREASES, BITUMEN, LPG AND MANUFACTURING & MARKETING OF AGROCHEMICAL PRODUCTS
LISTING STATUS	:	PUBLIC LIMITED COMPANY
STOCK EXCHANGE LISTING	:	DHAKA STOCK EXCHANGE LTD. CHITTAGONG STOCK EXCHANGE LTD.
AUTHORIZED CAPITAL	:	1000 MILLION TAKA
PAID UP CAPITAL	:	982.33 MILLION TAKA
NUMBER OF SHARES	:	9,82,32,750
NUMBER OF SHAREHOLDERS	:	11,690
NUMBER OF EMPLOYEES	:	1110

Historical Events of POCL

Padma Oil Company Limited is not only the biggest but also the oldest with its antecedents stretching well back to the colonial period of British-India. Its ancestral enterprise 'Rangoon Oil Company' established petroleum business in this part of the world by the middle of nineteenth century. Following is a Synopsis of Padma Oil Company's historical background.

- In 1874 'Rangoon Oil Company' was registered as a Joint stock company in Scotland having its main business activites in Burma (Known to the British until the later years of the 19th century as BURMAH, which was a province of the then British India)
- In 1885, Rangoon Oil Company was reconstituted and reformed as Burmah Oil company. Business of this Company was then spread over other provinces of British-India including Assam and Bengal. The Company's Head office was at 191 West George Street, Glasgow, U.K.
- Burmah Oil Company for the first time introduced drilling equipments for exploration of Oil in Burma in the year 1888. Previously oil was being collected in Burma by hand dug well.
- Burmah Oil Company established their 'Moheshkhal Oil Installation' at Chittagong in the year 1903.
- In 1908, Burmah Oil Company conducted a geological survey in Chittagong.
- In 1914, Burmah Oil Company drilled a well at sitakunda, Chittagong.
- In the year 1920, M/s Bullock Brothers, a major distributor of Burmah Oil Company established their trading office at Sadarghat, Chittagong.
- In the year 1929, Burmah Oil Company took over the office of Bullock Brothers at Sadarghat, Chittagong including 4.1 acres of land and established their own office in it.
- Prior to the partition of the sub-continent in 1947, mainly two oil marketing companies namely Burmah Oil Company (BOC) and Burmah shell Oil Storage and Distribution Company (BSOC) were operating Petroleum business in the area what now comprise Bangladesh. Burmah Shell established Aviation Depot at Tejgaon Airport in the year 1948.
- Considering the Oil Marketing situation in erstwhile East Pakistan, Burmah Shell transferred their share to BOC and in the year 1965 a new company called 'Burmah Eastern Limited' was formed with 49% share of BOC. The rest portion of the share was issued to public & private individuals of Pakistan.
- In 1977, Burmah Eastern Limited became a subsidiary of Bangladesh Petroleum Corporation.
- In the year 1985, BOC transferred its entire property in Bangldesh (including share of Burmah Eastern Limited) in favour of Bangladesh Petroleum Corporation (BPC).
- As per terms of the transfer of BOC's entire share to BPC, Burmah Eastern Limited was required to change its name and as such subsequently the company's name was changed as 'PADMA OIL COMPANY LIMITED' in the year 1988.

৪৮ তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এ বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো যাচ্ছে যে, পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড এর ৪৮তম বার্ষিক সাধারণ সভা নিম্নলিখিত বিষয়াদি সম্পাদনকল্পে আগামী ১৭ ফেব্রুয়ারি ২০১৮ খ্রীষ্টাব্দ (৫ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ), শনিবার সকাল ১১-০০ টায় 'হল ২৪', সিআরবি রোড (এম.এ. আজিজ স্টেডিয়ামের পশ্চিম পার্শ্বে), চট্টগ্রামে অনুষ্ঠিত হবে।

আলোচ্যসূচি :

০১। ১১ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে অনুষ্ঠিত ৪৭ তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন;

০২। ২০১৭ সালের ৩০ জুন সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণীসমূহ, পরিচালকমন্ডলীর প্রতিবেদন এবং নিরীক্ষকদের প্রতিবেদন গ্রহণ এবং অনুমোদন;

০৩। ২০১৭ সালের ৩০ জুন সমাপ্ত বছরের জন্য লভ্যাংশ ঘোষণা ;

০৪। পরিচালকমন্ডলীর নির্বাচন/পুনঃনির্বাচন;

০৫। ২০১৮ সালের ৩০ জুন সমাপ্য বছরের জন্য যুগ্ম-নিরীক্ষক নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ।

বিশেষ আলোচ্যসূচি:

1. To increase the remuneration of Board of Directors from Tk. 5,000/- to Tk. 8,000/- to consider and if thought fit to pass the following resolution as special.

Resolution:

To amend clause 109 (a) of the Articles of Association as noted below:

Article 109 (a)

"The remuneration of Directors shall be Tk. 8,000/- per meeting attended."

১২ মাঘ ১৪২৪
২৫ জানুয়ারি ২০১৮
স্ট্র্যান্ড রোড, চট্টগ্রাম

পরিচালনা পর্ষদের নির্দেশক্রমে

মহিউদ্দিন আহমদ
কোম্পানি সচিব

দ্রষ্টব্যঃ

০১। রেকর্ড ডেট :
রেকর্ড ডেট ১৮ ডিসেম্বর ২০১৭। রেকর্ড ডেট-এ সিডিবিএল ডিপোজিটরি রেজিস্টার এবং কোম্পানির সদস্য বইতে নিবন্ধিত শেয়ারহোল্ডারগণ বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হওয়ার এবং অনুমোদিত লভ্যাংশ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন।

০২। প্রক্সি :
সদস্যবৃন্দ এই সাধারণ সভায় উপস্থিত থাকতে এবং ভোট প্রদান করতে পারেন কিংবা তাঁর পক্ষে উপস্থিত থাকতে এবং ভোট দানের জন্য অন্য একজন প্রক্সি নিয়োগ করতে পারেন। সভা অনুষ্ঠানের জন্য নির্ধারিত সময়ের ৭২ ঘন্টা পূর্বে প্রক্সি ফরম নিয়মানুযায়ী স্ট্যাম্প সহকারে পূরণ করে কোম্পানির রেজিস্টার্ড অফিসে অবশ্যই জমা দিতে হবে।

০৩। শেয়ারহোল্ডারস্ পরিচালক নির্বাচন :

(ক) বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন ব্যতীত বাকি অন্য শেয়ারহোল্ডারদের পক্ষ হতে শেয়ারহোল্ডারস্ পরিচালক নির্বাচনের মনোনয়ন পত্র ২৯ জানুয়ারি ২০১৮ হতে ০১ ফেব্রুয়ারি ২০১৮ পর্যন্ত কোম্পানির প্রধান কার্যালয়ের অফিস চলাকালীন সময়ে পাওয়া যাবে।

(খ) মনোয়নপত্র যথাযথ পূরণ ও স্বাক্ষর করে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ কোম্পানির প্রধান কার্যালয়, স্ট্র্যান্ড রোড, সদরঘাট, চট্টগ্রামে ৫ ফেব্রুয়ারি ২০১৮ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।

(গ) মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন ৮ ফেব্রুয়ারি ২০১৮ ।

(ঘ) যথাযথ বাছাইয়ের পর যোগ্য পরিচালক পদ প্রার্থীদের চূড়ান্ত তালিকা ১১ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে কোম্পানির প্রধান কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক নোটিফিকেশন নং- এসইসি / এসআরএমআই / ২০০০-৯৫৩/১৯৫০ তাং ২৪ অক্টোবর, ২০০০ এর (সি) ধারা অনুযায়ী বার্ষিক সাধারণ সভায় সম্মানিত শেয়ারহোল্ডারদের উপস্থিতির জন্য কোনরূপ গিফ্ট /নগদ সুবিধা প্রদানের ব্যবস্থা থাকবে না।

কেবলমাত্র হাজিরাপত্র উপস্থাপন সাপেক্ষে সভায় প্রবেশ করতে অনুরোধ করা যাচ্ছে।

Notice of The Forty Eighth Annual General Meeting

Notice is hereby given that the 48th Annual General Meeting of Padma Oil Company Limited will be held on Saturday, 17th February 2018 (5 Falgun, 1424) at 11-00 am at 'Hall 24', CRB Road (West side of M.A Aziz Stadium), Chittagong to transact the following business :

AGENDA :

01. To confirm the minutes of the 47th Annual General Meeting held on 11 February 2017;
02. To receive and adopt the Directors' Report and Auditors' Report and the Audited Financial Statements of the Company for the year ended 30th June 2017;
03. To declare dividend for the year ended 30th June 2017;
04. To elect/re-elect Directors;
05 To appoint Joint Auditors and fix their remuneration for the year ending 30th June 2018.

Special Business:

1. To increase the remuneration of Board of Directors from Tk. 5,000/- to Tk. 8,000/- to consider and if thought fit to pass the following resolution as special.

Resolution:-

To amend clause 109 (a) of the Articles of Association as noted below:

Article 109 (a)

"The remuneration of Directors shall be Tk. 8,000/- per meeting attended."

By order of the Board

MOHIUDDIN AHMED
Company Secretary

12 Magh 1424
25 January 2018
Strand Road, Chittagong.

Notes:

01 Record Date :

The Record Date was 18 December 2017. The Shareholders whose names appearing in the CDBL Depository Register and Share Register of the Company on the record date will be eligible to attend the Annual General Meeting and receive the dividend.

02 Proxy :

A Member entitled to attend and vote at the Annual General Meeting may appoint a Proxy to attend and vote in his/her stead. In order to be effective, the Proxy form duly signed and stamped must be submitted at the Company's Registered Office not later than SEVENTY TWO HOURS before the Meeting.

03 Election of the Shareholders' Director:

a) Nomination Form for Shareholders' Director election from remaining Shareholders except BPC, is available at the Registered office of the Company from 29 January 2018 to 1 February 2018 during Office hours;

b) The Nomination Forms duly completed and signed with relevant supporting papers should reach the Company's Registered Office, Strand Road, Chittagong by 5 February 2018;

c) The withdrawal date of the Nomination From is 8 February 2018.

d) The final list of eligible candidates for Shareholders' Director after scrutiny will be notified in the Notice Board at the Registered Office of the Company on 11 February 2018.

No gift or benefit in cash or kind shall be paid to the holders of the equity securities in terms of Clause (c) of the Notification No. SEC/SRMI/2000-953/1950 dated 24 October 2000 for attending this AGM of the Company.

Admission to the Meeting room will be strictly on production of the attendance slip.

Board of Directors



Nazimuddin Chowdhury
Secretary,
Energy and Mineral Resources Division,
Ministry of Power, Energy and
Mineral Resources, Dhaka
Chairman, POCL Board
Chairman, BAPEX Board
Chairman, BD. Gas Fields Co. Ltd. Board
Chairman, Titas Gas T & D Co. Ltd. Board
Chairman, Bangladesh Petroleum Institute Board
Chairman, Gas Transmission Co. Ltd. Board
Chairman, Karnaphuli Gas Distribution Co. Ltd. Board



MR. ARM NAZMUS SAKIB
Additional Secretary
Finance Division
Ministry of Finance, Dhaka
Director, POCL Board
Director, BPC Board
Director, Nuclear Power Plant Co.
Bangladesh Ltd. Board



Sayed Mohammed Mozammel Haque
Additional Sectetary
Director (Ops. and Planning), BPC
Director, POCL Board
Chairman, LPGL Board
Director, BPC Board
Director, ELBL Board
Director, MPL Board
Director, ERL Board

Board of Directors



Dr. Mohd. Sher Ali
Dy. Secretary (Operation-1)
Energy and Mineral Resources Division
Ministry of Power, Energy and
Mineral Resources, Dhaka
Director, POCL Board
Director, Sundarban Gas Co. Ltd Board



Ahmed Jamal Khan Choudhuri
Independent Director
POCL Board



Mohammed Abdul Awwal
Shareholders' Director, POCL Board
Shareholders' Director, ELBL Board
Chairman, MKR Group, Chittagong



Md. Arifuzzaman Miah Tutul
Director, POCL Board



Md. Masudur Rahman
Director, POCL Board
Managing Director
Padma Oil Company Limited,
Executive Director,
Eastern Lubricants Blenders Ltd.



Mohiuddin Ahmed
Company Secretary,
GM (Accounts & Finance)
Padma Oil Company Limited

Corporate Management



Md. Masudur Rahman
Managing Director



Mohiuddin Ahmed
General Manager
(Accounts & Finance)



Md. Abu Saleh Iqbal
General Manager
(Marketing)



Md. Aminul Haque
General Manager



Numan Ahmed Taffader
Deputy General Manager



Md. Rafiqul Hassan
Deputy General Manager
(HR & Admin)



Sohel Abdullah
Deputy General Manager
(Sales)

Corporate Management



Md. Rezaul Haq
Deputy General Manager



Md. Mahbubul Alam
Deputy General Manager
(Aviation)



Md. Nurul Amin
Deputy General Manager
(Engg. & Planning)



Md. Shahidul Alam
Deputy General Manager



Md. Abdus Sobhan
Deputy General Manager



N. M. Mahboob
Acting Deputy General Manager
(Chemicals)



A.Z.M. Ishtiaqur Rahman
Acting Deputy General Manager
(Audit).

Corporate Information

Company Secretary

Mohiuddin Ahmed

Legal Advisors

H & H Company

Lex Cunsel

Advocate Mohsanuddin Chowdhury

Advocate Nani Gopal Majumder

Advocate S. C. Lala

Tax Consultant

Hoda Vasi Chowdhury & Co.
Chartered Accountants

Auditors

A Qasem & Co.
Chartered Accountants

Shafiq Basak & Co.
Chartered Accountants

Insurers

Sadharan Bima Corporation

Delta Life Insurance Co. Ltd.

Bankers

Janata Bank Limited

Agrani Bank Limited

Sonali Bank Limited

Bangladesh Krishi Bank

Pubali Bank Limited

Eastern Bank Limited

Trust Bank Limited

Standard Chartered Bank

The Hongkong and Shanghai Banking Corporation Ltd.

Citibank N A

One Bank Limited

United Commercial Bank Limited

Brac Bank Limited

Bank Asia Limited

AB Bank Limited

Mercantile Bank Limited

Prime Bank Limited

AMARSTOCK



চেয়ারম্যানের বক্তব্য

বিসমিল্লাহির রাহমানির রাহিম
সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,
আসসালামু আলাইকুম,

পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড এর পরিচালনা পর্ষদ এবং আমার পক্ষ হতে আপনাদের সকলকে কোম্পানির ৪৮তম বার্ষিক সাধারণ সভায় স্বাগত জানাতে পেরে আমি আনন্দিত। আমরা ২০১৬-২০১৭ অর্থ বছরে সার্বিক কার্যক্রম আন্তরিকভাবে সম্পন্ন করার সর্বাত্বক চেষ্টা করেছি। আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোম্পানি এ বছরও উল্লেখযোগ্য মুনাফা অর্জনের পাশাপাশি প্রতিশ্রুতিবদ্ধ উঁচুমানের সেবা প্রদান, ব্যবসায়িক নৈতিকতা ও নিয়ম শৃঙ্খলা প্রতিপালন, উত্তম গর্ভনেন্স অনুশীলন এবং ক্রমাগত শেয়ারহোল্ডারস ভ্যালু উন্নতীকরণ নিশ্চিত করেছে। আমি আপনাদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি আমাদের প্রতি আপনাদের অব্যাহত সমর্থন ও অবিচল আস্থা রাখার জন্য যা আমাদের সাংবাৎসরিক কার্যক্রমে অনুপ্রেরণা যুগিয়েছে। এই অনুষ্ঠানের মধ্যে দিয়ে আমি ২০১৬-২০১৭ অর্থ বছরের আমাদের সার্বিক কার্যক্রমের বিস্তারিত তথ্য উপস্থাপন করছি যাতে আপনারা কোম্পানির বিগত অর্থ বছরের কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা লাভ করতে সক্ষম হন।

Chairman's Statement

Bismillahir Rahmanir Rahim
Honorable Shareholders,
Assalamu Alaikum,

On behalf of the Board of Directors of Padma Oil Company Limited (POCL) and myself, I am delighted to welcome you all to the 48th Annual General Meeting of the Company. We have whole-heartedly tried our best to accomplish our jobs during the Financial Year 2016-2017. I would like to inform you that our Company has earned significant profit as well as ensures commitment towards excellence in service, adherence to business ethics and regulations compliance to the norm of good governance and continuous improvement in shareholders' value in this year. I would like to express my sincere gratitude to all of you for your continuous support and having faithful confidence on us, which have inspired us in completing our jobs during the whole year. In this occasion, I would like to present the detailed activities of the Company during the year 2016-2017 so that you can able to understand the last year Company's performance on various aspects.

ব্যবসায়িক পরিবেশ : ২০১৬-২০১৭

অর্থনীতির প্রধান নিয়ামকসমূহ অর্থাৎ মাথাপিছু আয়, বৈদেশিক মুদ্রার স্থিতি, আমদানি ও রপ্তানি, বৈদেশিক বিনিয়োগ এবং রাজস্ব আয়ে ২০১৫-২০১৬ অর্থ বছরের তুলনায় ২০১৬-২০১৭ অর্থ বছরের বেশি লক্ষ্যমাত্রা অর্জন ইঙ্গিত বহন করে যে আলোচ্য অর্থ বছরে দেশের সার্বিক অর্থনৈতিক পরিস্থিতি অনুকূলে ছিল। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্রাক্কলিত হিসাব অনুসারে আলোচ্য অর্থ বছরে মোট দেশজ উৎপাদনের (জিডিপি) প্রবৃদ্ধি হার ৭.২৪% যা গত বছরের ৭.১১% এর চেয়ে ০.১৩% বেশি। সাম্প্রতিক বছরগুলিতে আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের দাম হ্রাস পায়, যা তেল আমদানিকারক অন্যান্য দেশের মতো বাংলাদেশের অর্থনীতির জন্যও শুভকর হয়।

২০১৬-২০১৭ অর্থ বছরের ব্যবসায়িক ফলাফল

কোম্পানি ২০১৬-২০১৭ অর্থ বছরে কোম্পানির মুখ্য ব্যবসা জ্বালানি তেল বিপণনে গত অর্থ বছরের তুলনায় ভালো ফলাফল করেছে। ২০১৬-২০১৭ অর্থ বছরে দেশে মোট জ্বালানি তেল বিক্রয় হয় ৫৮.৮৯ লক্ষ মে.টন। আলোচ্য অর্থ বছরে কোম্পানির জ্বালানি তেল বিক্রয়ের পরিমাণ ২০.০৮ লক্ষ মে.টন, বিগত অর্থ বছরে যার পরিমাণ ছিল ১৭.৮৩ লক্ষ মে.টন। অর্থাৎ গত অর্থ বছরের তুলনায় এ অর্থ বছরে বিক্রয়ের পরিমাণ ১২.৬২% বৃদ্ধি পেয়েছে। জ্বালানি তেল বিপণনে কোম্পানির মার্কেট শেয়ার ছিল ৩৪.১০% এবং কোম্পানির অবস্থান ছিল ২য়। অন্যদিকে, অ্যাগ্রোকেমিক্যালস্ পণ্যের ব্যবসা তীব্র প্রতিযোগিতামূলক হওয়ার কারণে অ্যাগ্রোকেমিক্যালস্ পণ্যের বিক্রয় গত অর্থ বছরের চেয়ে সামান্য হ্রাস পেয়েছে। আলোচ্য অর্থ বছরে কোম্পানির অ্যাগ্রোকেমিক্যালস্ পণ্যের বিক্রয়ের পরিমাণ ৪,০৯৩ মে.টন, যা গত অর্থ বছরের ৪,১৬৪ মে.টনের চেয়ে ১.৭১% কম। কোম্পানির মুখ্য ব্যবসা জ্বালানি তেল পণ্যের বিক্রয়ের পরিমাণ গত অর্থ বছরের তুলনায় বৃদ্ধির ফলে এবং কোম্পানির দক্ষ পরিচালনা পর্ষদ এবং শ্রমিক-কর্মচারী ও কর্মকর্তাদের ধারাবাহিক আন্তরিক প্রয়াসের মাধ্যমে আলোচ্য অর্থ বছরে কোম্পানির করপূর্ব মুনাফা গত বছরের ২৫০.২৯ কোটি টাকা হতে ৮.২৪% বৃদ্ধির মাধ্যমে দাঁড়িয়েছে ২৭০.৯১ কোটি টাকায়। ফলে কোম্পানির শেয়ার প্রতি আয়ও গত অর্থ বছরের তুলনায় ৮.৪৪% বৃদ্ধি পেয়েছে। ২০১৬-২০১৭ অর্থ বছরে কোম্পানির শেয়ার প্রতি আয় দাঁড়িয়েছে ২০.৬৮ টাকা, যা বিগত বছরে ছিল ১৯.০৭ টাকা।

২০১৬-২০১৭ অর্থ বছরে অগ্রগতি

আপনারা জানেন যে, কোম্পানির ব্যবসা সম্প্রসারণের জন্য কিছু প্রকল্প গ্রহণ করেছে। কোম্পানি কর্তৃক গৃহীত বিবিধ প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য এ বছর আমরা অনেক দূর এগিয়েছি।

Business Environment in FY 2016-2017

The major macroeconomic indicators like per capita income, foreign currency reserve, import and export, foreign direct investment and surpassing of the FY 2016-2017 revenue collection target compared to the previous fiscal year indicate that the overall economic situation in the country was positive during the year under review. According to BBS estimate, the economy grew at 7.24% in FY 2016-2017, which is 0.13 percentage point above the GDP growth rate of 7.11% achieved in the previous fiscal year. The downward trend in oil prices in the international market in recent years benefited the Bangladesh economy like other oil importing countries.

Business Performance in FY 2016-2017

The Company performed better in its principal business of fuel marketing in FY 2016-2017 compared to the last year. During 2016-2017, the total sale of petroleum oil was 58.89 lac Metric Ton in the country. The Company's sale of petroleum products was 20.08 lac Metric Ton in this year that was 17.83 lac Metric Ton in the previous year. That is, the sale of petroleum products of the Company in this year increased by 12.62% compared to the previous year. The market share of the Company among the oil marketing companies was 34.10% and the Company was ranked second position in the industry. On the other side, due to intense competition in agrochemicals business total sale of agrochemicals products of the Company declined slightly compared to the last year. The Company's sale of agrochemicals products stood at 4,093 Metric Ton in FY 2016-2017 showing a slightly decline of 1.71% as against 4,164 Metric Ton of the previous year. Due to increase in sale of petroleum products of the Company and in testimony to concerted efforts from the Board of Directors, management and officials, Company's profit before income tax increased by 8.24% to Taka 270.91 crore in this year from Taka 250.29 crore of the previous year. Thus, Earning per Share (EPS) also increased by 8.44 % during the year under review compared to the preceding year. EPS stood at Taka 20.68 in this year, as against Taka 19.07 of the last year.

Progress in FY 2016-2017

You are aware that we have taken some projects for extension of the company's business. We have advanced a lot towards the implementation of the various projects taken by the company in this year. The

আগ্রাবাদ, চট্টগ্রামে কোম্পানির প্রধান কার্যালয়ের জন্য ভবন নির্মাণের কাজ ইতোমধ্যে শুরু হয়েছে বর্তমানে শোর পাইলিংয়ের কাজ সম্পন্ন হয়েছে এবং বেইসমেন্ট নির্মাণের কাজ চলছে। কোম্পানির পরিবাগস্থ ঢাকা অফিসের ভূমির সর্বোচ্চ ব্যবহারের জন্য গৃহীত প্রকল্প দ্বিতল বেইসমেন্টসহ ১২তলা বাণিজ্যিক ভবন নির্মাণ কাজের জন্য নির্বাচিত পরামর্শক কর্তৃক ইতোমধ্যে ভবনের নকশা প্রদান করা হয়েছে এবং ভবনের উক্ত নকশা ও স্ট্রাকচারাল ডিজাইন এর বিষয়ে বিশেষজ্ঞ মতামত প্রদানের নিমিত্তে বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ব্যুরো অব রিসার্চ, টেস্টিং অ্যান্ড কনসালটেশন (বিআরটিসি) এর নিকট প্রেরণ করা হয়েছে। তাছাড়া, উক্ত প্রকল্পের নির্মাণ কাজের জন্য প্রাকযোগ্যতার মাধ্যমে ঠিকাদার নিয়োগের নিমিত্তে দরপত্র আহ্বান করা হয়েছিল এবং প্রাপ্ত দারদাতাদের মধ্য থেকে ঠিকাদারদের একটি সংক্ষিপ্ত তালিকা তৈরী করা করা হয়েছে।

উল্লেখ যে, কোম্পানির বিভিন্ন ডিপোতে সর্বমোট ১৬৭০০ মে.টন ধারণ ক্ষমতা সম্পন্ন স্টোরেজ ট্যাংক নির্মাণসহ কোম্পানি কর্তৃক গৃহীত বেশ কিছু উন্নয়নমূলক কাজ ২০১৬-২০১৭ অর্থ বছরে সমাপ্ত হয়েছে। দেশের জনগণের নিকট জ্বালানি তেল সরবরাহ অধিকতর নিশ্চিতকরণ ও অধিকতর সেবা প্রদানের লক্ষ্যে ডিপো সম্প্রসারণ, স্টোরেজ ট্যাংক নির্মাণ এবং ভৌত অবকাঠামোসহ বেশ কিছু উন্নয়নমূলক কর্মসূচি অব্যাহত রয়েছে।

লভ্যাংশ

শেয়ারহোল্ডারদের প্রতি আমরা সব সময় দায়বদ্ধ। আর তাই কঠোর পরিশ্রম এবং অব্যাহত প্রচেষ্টার মাধ্যমে দীর্ঘমেয়াদী শেয়ারহোল্ডার ভ্যালু বৃদ্ধির জন্য আমরা অবিরাম কাজ করে যাচ্ছি। আপনারা জেনে আনন্দিত হবেন যে, এ বছর পরিচালনা পর্ষদ কর্তৃক শেয়ারহোল্ডারদের জন্য উচ্চ হারে অর্থাৎ ১১০% নগদ লভ্যাংশ প্রদানের জন্য সুপারিশ করা হয়েছে।

আমাদের উদ্দেশ্য

আপনারা জানেন জ্বালানি সেক্টর অর্থনীতির সবচেয়ে গুরুত্বপূর্ণ সেক্টর হিসেবে গণ্য হয়ে থাকে এবং জ্বালানি তেলের সরবরাহ ও মূল্যের পরিবর্তনশীলতা ম্যাক্রো অর্থনীতিকে দারুণভাবে প্রভাবিত করে। তাই জ্বালানি তেল বিপণন কোম্পানিসমূহ দেশ তথা জনগণের সেবা প্রদানকে অধিক গুরুত্ব প্রদান করে থাকে। আপনারা জানেন যে, পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড জ্বালানি তেল ও অ্যাগ্রোকেমিক্যালস্ পণ্য বিপণনকারী প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠান দেশের প্রত্যন্ত অঞ্চলে নিরবচ্ছিন্ন জ্বালানি তেল সরবরাহের মাধ্যমে দেশের সামগ্রিক অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। তাছাড়া, কোম্পানি অ্যাগ্রোকেমিক্যালস্ পণ্য উৎপাদন ও বিপণনের মাধ্যমে কৃষি নির্ভর অর্থনীতিতে তার অবদান রেখে চলেছে। বাংলাদেশের অর্থনীতিতে সবচেয়ে গুরুত্বপূর্ণ খাত হচ্ছে কৃষি খাত। বাংলাদেশের মোট শ্রমশক্তির

construction of Head office multi-storied building at Agrabad, Chittagong is going on. Shore pilings have been completed and the construction of basement is going on. For best using of our land at Paribagh Dhaka a project had been under taken for constructing the 12-storied commercial building having two basements for which a consultant has already been appointed. The consultant had already given a comprehensive architectural/ structural design, which has forwarded to Bureau of Research, Testing & Consultation (BTRC) of Bangladesh University of Engineering & Technology (BUET) for their expert opinion in this regard. Besides, tender bid for selecting the pre-qualified contractors had been completed and accordingly a short list of the contractors for the works is prepared.

Besides that, various developments works taken by the Company including construction of total 16700 Metric Ton capacity storage tanks at various depots were completed in FY 2016-2017. Many development projects including expansion of depot, construction and erection of storage tanks and physical infrastructural expansion program to ensure smooth supply of fuel to the consumers are going on.

Dividend

We are always committed to our valued shareholders. Therefore, we are working hard to increase the long-term shareholders' value by our diligence and continuous efforts. You will be delighted to know that the Board of Directors has recommended high rate of dividend i.e. 110% cash dividend for this year.

Our Motto

You are well aware that fuel sector is used to consider as most important sector of the economy. Macro economic indicators are being greatly influenced by the supply and movement of price of the petroleum products. Therefore, Oil-marketing companies are giving much emphasis on providing services to the mass people of the country. You are aware that Padma Oil Company Ltd. is one of the leading oil and agrochemicals marketing Company the country. The Company is contributing significantly to the total economy of the country by carrying out uninterrupted supply of petroleum products in all remote areas of the country. Besides, the Company is also contributing to the agricultural based economy through its production and marketing of agrochemicals products. The agricultural sector is the most important sector in Bangladesh economy. It employed about 47.50 percent

৪৭.৫০ শতাংশ কৃষি খাতে নিয়োজিত আছে এবং ২০১৬-২০১৭ অর্থ বছরে জিডিপিতে এর অবদান ১৪.৭৯ শতাংশ। কোম্পানির প্রধান লক্ষ্য ও উদ্দেশ্য হলো সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে যথাসময়ে জনগণের দোরগোড়ায় সরকার নির্ধারিত মূল্যে জ্বালানি তেল সরবরাহ নিশ্চিতকরণ ও সুচারুভাবে বিপণন কার্যক্রম সম্পাদন এবং পরিবেশ বান্ধব ও মানসম্মত কৃষিজাত কীটনাশক পণ্য সরবরাহ শক্তিশালীকরণের মাধ্যমে কৃষি পণ্যের উৎপাদন বৃদ্ধি করা এবং সংগঠিত বিপণন কার্যক্রমের মাধ্যমে সেবা প্রদান করা।

২০১৭-২০১৮ অর্থ বছরে আমাদের লক্ষ্য

আগামী বছরে আমাদের লক্ষ্য থাকবে বরাবরের মতো সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে দেশের সর্বত্র নিরবিচ্ছিন্নভাবে সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে মানসম্মত পেট্রোলিয়াম পণ্য সরবরাহের মাধ্যমে দেশে জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণ এবং দেশের কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সারাদেশে পরিবেশবান্ধব ও মানসম্মত কৃষি রাসায়নিক পণ্য সরবরাহ জোরদারকরণ। পাশাপাশি কোম্পানির ব্যবসা সম্প্রসারণের জন্য গৃহীত প্রকল্পসমূহ আমরা এগিয়ে নিতে চাই। তাছাড়া, আমাদের লক্ষ্য থাকবে আগামী বছর কোম্পানির জ্বালানি তেল ও অ্যাগ্রোকেমিক্যাল্স ব্যবসার পরিচালন মুনাফায় উল্লেখযোগ্য প্রবৃদ্ধি অর্জনের মাধ্যমে শেয়ারহোল্ডারস ভ্যালু বৃদ্ধি করা।

ধন্যবাদ ও কৃতজ্ঞতা

পরিশেষে, আমি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনকে সঠিক ও সময় উপযোগী দিক নির্দেশনা প্রদানের জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করছি। আমি পরিচালনা পর্ষদের সদস্যগণকে তাঁদের আন্তরিক প্রচেষ্টার জন্য, কোম্পানির ব্যবস্থাপনা টিম, কর্মকর্তা-কর্মচারীগণকে তাঁদের উদ্যোগ ও সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। তাঁদের সহযোগিতা ছাড়া কোম্পানির পক্ষে তার অভিষ্ঠ লক্ষ্যে পৌঁছানো সম্ভব ছিলো না। রেজিস্টার অব জয়েন্ট স্টক কোম্পানি ও ফার্মসমূহ, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ, সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিঃ, নিরীক্ষকবৃন্দ, সম্মানিত গ্রাহকসহ কোম্পানির সকল শুভানুধ্যায়ীদের তাঁদের অব্যাহত সমর্থন এবং দিক নির্দেশনা প্রদানের জন্য জানাই গভীর কৃতজ্ঞতা।

আল্লাহ হাফেজ-

(নাজিমউদ্দিন চৌধুরী)
চেয়ারম্যান

of Bangladesh's total labour force and accounted for about 14.79 percent of GDP in FY 2016-2017. The main aim and objective of the Company is to ensure supply of fuel to the doorsteps of the consumer on time at Government's fixed price and to strengthen the supply of environment friendly and standard agrochemicals products to increase the productivity and production of agricultural commodity through sound operational management and to provide services through organized marketing activities.

Focus on FY 2017-2018

Our focus on FY 2016-2017 is to ensure energy security of the country by uninterrupted supply of quality petroleum products at government regulated price and to strengthen the supply of environmental-friendly and excellence agrochemical products in order to increase the nation-wide agricultural production. Side by side, we want to take forward our projects taken by the company for expansion of business. Besides that, our target for the next year is to maximize the shareholders' value by achieving a significant operating growth in Company's petroleum and agrochemicals business.

Thanks & Gratitude

Finally, I like to convey my thanks and profound gratitude to Ministry of Power, Energy & Mineral Resources of the Government of the People's Republic of Bangladesh and Bangladesh Petroleum Corporation for timely and proper guidance. I would also like to thank each member of the Board of Directors for their collective efforts, the Management Team, all the Officials and Staff of the Company for their continued initiating and supports, without their supports the Company could not reach at desired goal. I express my gratitude to Registrar of Joint Stock Companies and Firms, Bangladesh Securities and Exchange Commission, Dhaka Stock Exchange Ltd., Chittagong Stock Exchange Ltd., Central Depository Bangladesh Ltd., our auditors, customers and all well-wisher of the Company for their continued support and guidance.

Allah Hafez

(Nazimuddin Chowdhury)
Chairman

পরিচালকমন্ডলীর প্রতিবেদন

বিসমিল্লাহির রাহমানির রাহিম
সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,
আস্‌সালামু আলাইকুম

পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড এর পরিচালনা পর্ষদ অত্যন্ত আনন্দের সাথে কোম্পানির ৪৮তম বার্ষিক প্রতিবেদন আপনাদের নিকট উপস্থাপন করছে। কোম্পানির ৩০ জুন ২০১৭ খিঃ তারিখের সমাপ্ত বছরের পরিচালকমন্ডলীর প্রতিবেদন ও নিরীক্ষকদের প্রতিবেদনসহ নিরীক্ষিত হিসাব বিবরণী কোম্পানির সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের নিকট বিবেচনা ও অনুমোদনের জন্য উপস্থাপন করতে পেরে পরিচালনা পর্ষদ সম্মানিত বোধ করছে।

এ প্রতিবেদনে ২০১৬-২০১৭ অর্থ বছরের বাংলাদেশের অর্থনৈতিক পরিস্থিতি, জ্বালানি ও অ্যাগ্রোকেমিক্যালস্ শিল্পের পর্যালোচনা, কোম্পানির আর্থিক, পরিচালন ও কর্পোরেট গভর্নেন্সের দায়িত্ব পালনের কার্যক্রম উপস্থাপনসহ কোম্পানির সার্বিক অবস্থান ও সম্ভাবনার উপর আলোকপাত করা হয়েছে।

আর্থিক বিবরণীসমূহ প্রস্তুতকরণ

পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড এর আর্থিক বিবরণীসমূহ কোম্পানির কার্যক্রম এবং এর পরিচালন, নগদ প্রবাহ ও ইক্যুয়িটি পরিবর্তনের ফলাফলের উপর একটি সঠিক ও স্বচ্ছ বিবরণ প্রদান করে। উপস্থাপিত হিসাব বিবরণীসমূহ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ রুলস্ ১৯৮৭ এর সংশ্লিষ্ট তফসীল, কোম্পানি আইন ১৯৯৪ এর সংশ্লিষ্ট ধারা এবং বাংলাদেশ হিসাব মান (বিএএস) ও বাংলাদেশ আর্থিক মান (বিএফআরএস) অনুযায়ী প্রস্তুত করা হয়েছে এবং এতে আমাদের শেয়ারহোল্ডারদের নিকট কোম্পানির সার্বিক ব্যবসায়িক কার্যক্রমের একটি সঠিক ও স্বচ্ছ বিবরণ তুলে ধরা হয়েছে। হিসাব বিবরণীসমূহ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুত করা হয়েছে যা পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়েছে এবং বার্ষিক সাধারণ সভায় নিয়োগপ্রাপ্ত বহিঃনিরীক্ষকদ্বয় কর্তৃক নিরীক্ষিত হয়েছে।

অর্থনৈতিক পরিস্থিতি

বাংলাদেশের অর্থনীতি ২০১৬-২০১৭ অর্থ বছরে প্রবৃদ্ধির ধারাবাহিকতা ও স্থিতিশীলতা বজায় রাখতে সক্ষম হয়েছে। অর্থনীতির প্রধান নিয়ামকসমূহের সুষম উন্নয়ন ইঙ্গিত বহন করে যে, আলোচ্য অর্থ বছরে দেশের সার্বিক অর্থনৈতিক পরিস্থিতি অনুকূলে ছিল। আলোচ্য অর্থ বছরে দেশের অর্থনীতির প্রবৃদ্ধি ছিল ধারাবাহিক, মূল্যস্ফীতি সারাবছর নিয়ন্ত্রণে ছিল, বৈদেশিক মুদ্রার বিনিময় হার স্থিতিশীল ছিল, বৈদেশিক মুদ্রার স্থিতি বৃদ্ধি পায় এবং তা সন্তোষজনক পর্যায়ে বজায় ছিল। আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের মূল্যের নিম্নমুখী প্রবণতা দেশের অর্থনীতিকে লাভবান করেছে।

Board of Directors' Report

Bismillahir-Rahmanir Rahim
Honorable Shareholders,
Assalamu Alaikum

The Board of Directors of the Padma Oil Company Limited takes immense pleasure to present the 48th Annual Report of the Company to our valued shareholders. It is an honor for the Board of Directors to present the Directors' Report together with the audited Financial Statements of the Company for the year ended 30 June 2017 and the Auditors' Report thereon to our valued shareholders for consideration and approval.

The Directors' Report contains an overview of the Bangladesh economy, Petroleum and Agrochemicals Industry, the financial, operating, and corporate responsibility performance of the Company in FY 2016-2017 and highlights the total position and opportunity of the Company.

Preparation of Financial Statements

Financial Statements of POCL give a correct and fair view of the state of affairs of the Company and the results of its operation and cash flow and changes in equity. The presented financial statements have been prepared in compliance with Bangladesh Accounting Standards (BAS) and Bangladesh Financial Reporting Standards (BFRS) and in accordance with the relevant requirements of the schedule to the Bangladesh Securities and Exchange Rules 1987, in conformity with the Companies Act 1994 and to give a correct and fair view of the total business activities of the Company to our shareholders. The financial statements are prepared by the management, approved by the Board of Directors, and audited by external auditors appointed in the Annual General Meeting.

Economic Situation

Bangladesh economy managed to maintain the sustainable growth momentum in FY 2016-2017. The overall economic situation in the country was positive as steady improvements in the major variables in this year indicate. The economy experienced stable growth, inflation was under control, the exchange rate remained stable, foreign exchange reserves rose and remained at comfortable level. The downward trend in oil prices in the international market benefited the economy.

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সাময়িক হিসাব অনুসারে ২০১৬-২০১৭ অর্থ বছরে মোট দেশজ উৎপাদনের (জিডিপি) প্রবৃদ্ধির হার ছিল ৭.২৪ শতাংশ যা ২০১৫-২০১৬ অর্থ বছরের চূড়ান্ত হিসাব অনুসারে ছিল ৭.১১ শতাংশ (২০০৫-২০০৬ বছরের ভিত্তি মূল্য হিসাবে)। ২০১৬-২০১৭ অর্থ বছরের জন্য সরকার কর্তৃক জিডিপির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল ৭.২০ শতাংশ।

২০১৬-২০১৭ অর্থ বছরে দেশের শিল্প খাতের প্রবৃদ্ধি গত বছরের ১১.০৯ শতাংশ প্রবৃদ্ধির চেয়ে ০.৫৯ শতাংশ হ্রাস পেয়ে হয় ১০.৫০ শতাংশ। এ বছর কৃষি খাতে প্রবৃদ্ধি গত বছরের ২.৭৯ শতাংশ হতে বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৩.৪০ শতাংশ। বাংলাদেশের অর্থনীতিতে কৃষিখাত হচ্ছে সবচেয়ে গুরুত্বপূর্ণ খাত। এই খাতে দেশের মোট শ্রমশক্তির ৪৭.৫ শতাংশ নিয়োজিত আছে এবং ২০১৬-২০১৭ অর্থ বছরে জিডিপিতে এই খাতের অবদান প্রায় ১৪.৭৯ শতাংশ। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সাময়িক হিসাব অনুযায়ী ২০১৬-২০১৭ অর্থ বছরে সেবা খাতে তুলনামূলকভাবে গত বছরের তুলনায় ভালো প্রবৃদ্ধি অর্জিত হয়েছে। সেবা খাতে ২০১৫-২০১৬ অর্থ বছরের ৬.২৫ শতাংশ হতে ০.২৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ২০১৬-২০১৭ অর্থ বছরে ৬.৫০ শতাংশের প্রবৃদ্ধি অর্জিত হয়েছে। মাথাপিছু জাতীয় আয় গত অর্থ বছরের ১,৪৬৫ মার্কিন ডলার থেকে ১৩৭ মার্কিন ডলার বৃদ্ধি পেয়ে ১,৬০২ মার্কিন ডলারে উন্নীত হয়।

আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের নিম্নমুখী ধারা ও গৃহস্থালীর নিত্য প্রয়োজনীয় দ্রব্যসমূহের মূল্য স্থিতিশীল থাকার ফলে ২০১৩-২০১৪ অর্থ বছর থেকে নিম্নমুখী ধারা অব্যাহত রেখে ২০১৬-২০১৭ অর্থ বছরের গড় মূল্যস্ফীতির হার গত ১৩ (তের) বছরের মধ্যে সবচেয়ে কম ছিল। সরকার ২০১৬-২০১৭ অর্থ বছরের গড় মূল্যস্ফীতির হার ৫.৮০ শতাংশের মধ্যে নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যমাত্রা নির্ধারণ করে। ২০১৬-২০১৭ অর্থ বছরের গড় মূল্যস্ফীতির হার দাঁড়িয়েছে ৫.৪৪ শতাংশ, যা ২০১৫-২০১৬ তে ছিল ৫.৯২ শতাংশ। এতে দ্রব্যমূল্যের সন্তোষজনক মূল্য সূচক নির্দেশ করে।

শিল্প পর্যালোচনা

ক) জ্বালানি তেল

জ্বালানি তেলের সুষ্ঠু ব্যবস্থাপনা ও নিরবচ্ছিন্ন সরবরাহ দেশের অর্থনৈতিক উন্নয়নে বড় ভূমিকা রাখে। জ্বালানি তেল খাত অর্থনীতির সব চেয়ে অগ্রাধিকার সেক্টর হিসেবে গণ্য হয়ে থাকে। সকল অর্থনৈতিক খাতে তেল সেক্টরের প্রত্যক্ষ কিংবা পরোক্ষ প্রভাব রয়েছে। কৃষিতে সেচ, পবিবহন খাত, কিংবা বিদ্যুৎ উৎপাদনসহ প্রতিটি ক্ষেত্রে জ্বালানি তেলের বেশ ব্যবহার রয়েছে। ফলে জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির ফলে মূল্যস্ফীতির উপর প্রত্যক্ষ প্রভাব পড়ে।

একটি দেশ উন্নয়নের দিকে ধাবিত হচ্ছে কিনা তা দেশের জ্বালানি চাহিদার সূচক লক্ষ্য করলে বুঝা যায়। ১৯৭২ সালে দেশে জ্বালানি তেলের সার্বিক চাহিদা ছিল ৮.৪৮ লক্ষ মে.টন, যা বর্তমানে বৃদ্ধি পেয়ে প্রায় ৬২.০০ লক্ষ মে.টনে উন্নীত হয়েছে।

According to Bangladesh Bureau of Statistics (BBS) estimate, the GDP growth rate stood at 7.24 percent in FY 2016-2017, which was 7.11 percent in FY 2015-2016 (based on 2005-2006 as base year). The original growth target set by the government for FY 2016-2017 was 7.20 percent.

The industrial sector growth decelerated to 10.50 percent in FY 2016-2017, 0.59 percentage point lowers than the previous year's 11.09 percent. Agricultural sector recorded a higher growth of 3.40 percent in FY 2016-2017 from 2.79 percent in FY 2015-2016. The Agricultural sector is the most important sector in Bangladesh economy. It employed about 47.5 percent of Bangladesh's total labour force and accounted for about 14.79 percent of GDP in this FY 2016-2017. According to BBS estimate, the service sector performed better in FY 2016-2017 compared to the previous fiscal year. The service sector growth increased by 0.25 percentage point to 6.50 percent in FY 2016-2017 from 6.25 percent in FY 2015-2016. The per capita National Income reached at US$ 1,602 in FY 2016-2017, up by US$ 137, from US$ 1,465 of previous fiscal year.

Due to downtrend in global fuel prices and cool trend in the prices of essential item at home, the average inflation in FY 2016-2017 recorded a 13-year low maintaining downward trend since FY 2013-2014. The government had set a target to contain average inflation within 5.80 percent in FY 2016-2017. The average inflation stood at 5.44 percent in FY 2016-2017 that was 5.92 percent in FY 2015-2016, proving a comfortable price index.

Industry Review

(a) Fuel Sector

The organized management and uninterrupted supply of fuel oil play a vital role to develop a nation. Fuel sector is considered the most prioritized sector of economy. It has a great influence directly or indirectly in all economic sectors. Fuel is used intensively in every sector including irrigation of agriculture sector, transport sector and power production. As a result, an increase in fuel price leads to direct effect in inflation.

Fuel index demand depicts whether a county is moving forward towards development or not. In the year of 1972, the demand of petroleum products in our country was 8.48 lac M.Ton which stood at 62.00 lac M.Ton in FY 2016-2017.

২০১৬-২০১৭ অর্থ বছরে গত বছরের তুলনায় বাংলাদেশে জ্বালানি তেলের ব্যবহার ১২.০৪% বৃদ্ধি পায়। অর্থনৈতিক প্রেক্ষাপটে সম্পূর্ণ আমদানি নির্ভর এ জ্বালানি তেলের চাহিদা পূরণে বৈদেশিক মুদ্রা ব্যয় দেশের সামষ্টিক অর্থনীতির জন্য বেশ গুরুত্বপূর্ণ। দেশে জ্বালানি তেলের চাহিদা মেটাতে ২০১৬-২০১৭ অর্থ বছরে চট্টগ্রামে অবস্থিত একমাত্র তেল শোধনাগার ইআরএলে আমদানিকৃত ক্রুড অয়েল পরিশোধনের মাধ্যমে প্রায় ১২.৬৪ লক্ষ মে.টন তেল উৎপাদন করা হয়। সরকারি খাতের বিভিন্ন গ্যাস ফিল্ড ও বেসরকারি খাতের বিভিন্ন ফ্র্যাকশনেসন প্ল্যান্ট কর্তৃক ৫.০৯৫ লক্ষ মে.টন তেল উৎপাদন করা হয়। অবশিষ্ট ঘাটতি তেল বিদেশ হতে পরিশোধিত অবস্থায় আমদানি করা হয়েছে।

জ্বালানি তেলের পণ্যওয়ারী বিক্রয়

২০১৬-২০১৭ সালে দেশে জ্বালানি তেলের পণ্যওয়ারী বিক্রয় ছিল নিম্নরূপ :

পণ্যের নাম	পরিমাণ (মে.টন)	মোট বিক্রয়ের অনুপাত (%)
জেট এ-১	৩,৭৬,৭০০	৬.৪০
অকটেন	১,৮৬,৯১১	৩.১৭
পেট্রোল	২,৩২,৩৫৯	৩.৯৫
কেরোসিন	১,৭০,৯৯৩	২.৯০
ডিজেল	৪০,০০,০৪৪	৬৭.৯৩
এলডিও	৬৬০	০.০১
জেবিও	১৭,১৩৩	০.২৯
ফার্নেস অয়েল	৮,০৬,৪৪০	১৩.৬৯
লুব অয়েল	১৮,৭৫২	০.৩২
এসবিপি	৮৬৫	০.০১
এমটিটি	৬,৪৭৫	০.১১
এলপিজি	১৬,৩৭০	০.২৮
বিটুমিন	৫৫,০২৮	০.৯৪
মোট	৫৮,৮৮,৭৩০	১০০.০০

জ্বালানি তেলের খাতওয়ারী ব্যবহার

বাংলাদেশে জ্বালানি তেলের অধিকাংশই তিনটি প্রধান সেক্টর যথাঃ পরিবহন বিদ্যুৎ ও কৃষি খাতে ব্যবহৃত হয়। ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছরের ব্যবহৃত জ্বালানি তেলের

The consumption of petroleum products in Bangladesh increased by 12.04% in FY 2016-2017 compared to the last fiscal year. From economic perspective of view, a whole import-dependency of fuel requires foreign exchanges that have huge impact on country's macro economy. During the fiscal year under review, local refinery i.e. Eastern Refinery Limited product was approximately 12.64 lac M.Ton while 5.095 lac M.Ton fuel was produced by various gas fields under public sector and different fractionation plants under private sector. The deficit requirement of fuel was imported by BPC.

Product Wise Sale of Petroleum Products

Product wise sale in the country during FY 2016-2017 is given below:

Product	Quantity (in MT)	Percentage of Total Sales
Jet A-1	3,76,70	6.40
Octane	1,86,911	3.17
Petrol	2,32,359	3.95
Kerosene	1,70,993	2.90
Diesel	40,00,044	67.93
LDO	660	0.01
JBO	17,133	0.29
Furnace Oil	8,06,440	13.69
Lube Oil	18,752	0.32
SBP	865	0.01
MTT	6,475	0.11
LPG	16,370	0.28
Bitumen	55,028	0.94
Total	58,88,730	100.00

Sector Wise consumption

In Bangladesh, fuel is mostly used in three main sectors namely transport, power and agriculture. Sector wise consumption of fuel is

খাতওয়ারী বিবরণ নিম্নরূপ :

খাত	২০১৬-২০১৭ (মে.টন)	(%)	২০১৫-২০১৬ (মে.টন)	(%)
কৃষি	৯,০৫,৬২৩	১৫.৩৮	৯,৪৬,৯০৩	১৮.০২
শিল্প	৩,৭০,৮৪৮	৬.৩০	২,৫৩,০৩৬	৪.৮১
বিদ্যুৎ	১৩,৭২,২৬০	২৩.৩০	১২,০০,৭৭২	২২.৮৪
যোগাযোগ	৩০,৩৮,৫১১	৫১.৬০	২৬,১৬,৩৪৭	৪৯.৭৮
গৃহস্থালী ও অন্যান্য	২,০১,৪৮৮	৩.৪২	২,৩৮,৯৬২	৪.৫৫
মোট	৫৮,৮৮,৭৩০	১০০.০০	৫২,৫৬,০২০	১০০.০০



জ্বালানি তেলের বিভাগওয়ারী বিক্রয়

২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ অর্থ বছরে দেশের জ্বালানি তেলের বিভাগওয়ারী বিক্রয় ছিল নিম্নরূপ :

বিভাগ	২০১৬-২০১৭ (মে.টন)	(%)	২০১৫-২০১৬ (মে.টন)	(%)
চট্টগ্রাম	১২,১৭,৮১৫	১৮.৯৯	১০,২৮,৬৮২	১৯.৫৭
সিলেট	১,৭৫,১২০	৩.৬৫	১,৮০,০৭৩	৩.৪৩
ঢাকা	২২,৪১,০৫৫	৩৪.১৫	২১,০৩,৫৬৯	৪০.০২
ময়মনসিংহ	১,৪০,০০৭	২.৬৬	১,২৮,৯৮৫	২.৪৫
রাজশাহী	৭,০৬,৪১৭	১১.৯৮	৬,১৭,৩৮৩	১১.৭৫
রংপুর	৩,৫৭,১৯০	৭.৩৭	৩,২৪,৩৫৯	৬.১৭
খুলনা	৮,৫৯,৯৪৬	১৭.২৩	৭,০২,৫৯৪	১৩.৩৭
বরিশাল	১,৯১,১৮০	৩.৯৭	১,৭০,৩৭৫	৩.২৪
মোট	৫৮,৮৮,৭৩০	১০০.০০	৫২,৫৬,০২০	১০০.০০

বিপণন কোম্পানিসমূহের বিক্রয় ও বাজার অংশীদারিত্ব

২০১৬-২০১৭ অর্থ বছরে বিপণন কোম্পানিসমূহের বিক্রয় ও বাজার অংশীদারিত্বের বিবরণ নিম্নরূপ :

কোম্পানির নাম	মোট বিক্রয় (লক্ষ মে.টন)	বাজার অংশীদারিত্ব (%)	অবস্থান
এমপিএল	২০.৭৬	৩৫.২৬	১ম
পিওসিএল	২০.০৮	৩৪.১০	২য়
জেওসিএল	১৬.৬৮	২৮.৩২	৩য়

given below:

(Qty in MT)


Sector	2016-2017	(%)	2015-2016	(%)
Agriculture	9,05,623	15.38	9,46,903	18.02
Industry	3,70,848	6.30	2,53,036	4.81
Power	13,72,260	23.30	12,00,772	22.84
Transport	30,38,511	51.60	26,16,347	49.78
Domestic & Others	2,01,488	3.42	2,38,962	4.55
Total	58,88,730	100.00	52,56,020	100.00

Division Wise Consumption

Division wise sale of petroleum products in the country is given below:

(Qty in MT)

Division	2016-2017	(%)	2015-2016	(%)
Chittagong	12,17,815	18.99	10,28,682	19.57
Sylhet	1,75,120	3.65	1,80,073	3.43
Dhaka	22,41,055	34.15	21,03,569	40.02
Mymensing	1,40,007	2.66	1,28,985	2.45
Rajshai	7,06,417	11.98	6,17,383	11.75
Rangpur	3,57,190	7.37	3,24,359	6.17
Khulna	8,59,946	17.23	7,02,594	13.37
Barishal	1,91,180	3.97	1,70,375	3.24
Total	58,88,730	100.00	52,56,020	100.00



Sale and Market Share of Oil Marketing Companies

The sale figure and market share of three marketing oil companies in FY 2016-2017 were as follow:

(Qty MT in Lac)

Company's Name	Total sale	Market Share (%)	Position
MPL	20.76	35.26	1st
POCL	20.08	34.10	2nd
JOCL	16.68	28.32	3rd

তেল বিপণন কোম্পানিসমূহের জ্বালানি তেল পরিবহন বহরে বর্তমানে ৯৫টি কোস্টাল ট্যাংকার, ৮টি শ্যালো ড্রাফ্ট ট্যাংকার, ৭৩টি বে-ক্রসিং শ্যালো ড্রাফট ট্যাংকার ও ২৩টি মিনি অয়েল ট্যাংকার নিয়োজিত আছে। তন্মধ্যে পদ্মা অয়েলের জ্বালানি তেল পরিবহন বহরে ৩৪টি কোস্টাল ট্যাংকার, ৫টি শ্যালো ড্রাফ্ট ট্যাংকার, ২৬টি বে-ক্রসিং শ্যালো ড্রাফ্ট ট্যাংকার ও ১০টি মিনি অয়েল ট্যাংকার রয়েছে। উল্লেখ্য, প্রায় ৯০% জ্বালানি তেল নৌ-পথে, ৮% রেল পথে এবং ২% সড়ক পথে পরিবহন করা হয়ে থাকে। বিপণন নেটওয়ার্কে বর্তমানে দেশের ৩টি তেল বিপণন কোম্পানির ২,১২১টি ফিলিং স্টেশন, ৩,০৪৯টি এজেন্ট/ডিস্ট্রিবিউটর, ৭৪৬টি প্যাক্ড পয়েন্ট ডিলার, ৩,১৩৮টি এলপি গ্যাসের ডিলার ও ১১১টি মেরিন ডিলার রয়েছে। তন্মধ্যে পদ্মা অয়েল কোম্পানী লিমিটেডের বিপণন নেটওয়ার্কে ৬৭৬টি ফিলিং স্টেশন, ৯২০টি এজেন্ট/ডিস্ট্রিবিউটর, ২২৮টি প্যাক্ড পয়েন্ট ডিলার, ৭১৫টি এলপি গ্যাসের ডিলার ও ৫১টি মেরিন ডিলার রয়েছে।

(খ) অ্যাগ্রোকেমিক্যাল্স সেক্টর

কৃষি নির্ভর অর্থনীতির এই দেশে কৃষি উৎপাদন বৃদ্ধির কোন বিকল্প নেই। আর এই উৎপাদন বৃদ্ধির জন্য আধুনিক কৃষি উপকরণ যেমন উন্নত জাতের বীজ ও সারের পাশাপাশি বালাইনাশকের ব্যবহারও অপরিহার্য। দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার খাদ্যের চাহিদা পূরণের লক্ষ্যে কৃষির আধুনিকায়নের পাশাপাশি বালাইনাশকের একটি বিশাল মার্কেট তৈরি হয়েছে। পদ্মা অয়েল কোম্পানী লিঃ সহ দেশীয় এবং বহুজাতিক মিলে ৩৮০ এর বেশি কোম্পানি বিভিন্ন ধরনের বালাইনাশক পণ্য দেশের বাজারে বিপণন করে আসছে যা কৃষি ফসল উৎপাদন ও সংরক্ষণে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। বিসিপিএ রিপোর্ট অনুযায়ী ২০১৬ পঞ্জিকা বর্ষে দেশের অ্যাগ্রোকেমিক্যাল্স শিল্পে অ্যাগ্রোকেমিক্যাল্স পণ্যের মোট বিক্রয়ের পরিমাণ ছিল প্রায় ৩৫,০০০ মে.টন।

কৃষিজাত কীটনাশক পণ্য বাংলাদেশের কৃষিতে একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বেশ কয়েকটি গবেষণায় দেখা গেছে যে, সুপারিশকৃত কৃষিজাত কীটনাশক পণ্যের ব্যবহারে কৃষি পণ্যের উৎপাদন ও উৎপাদন ক্ষমতা বৃদ্ধিতে উল্লেখযোগ্য অবদান রাখে। ওয়ার্ল্ড ইন্সটিটিউট, ইউএসএ এর সূত্র অনুসারে বাংলাদেশের কৃষিতে (প্রতি হেক্টর জমিতে ১ কেজির চেয়েও কম) কৃষিজাত কীটনাশকের ব্যবহার বেশিরভাগ উন্নত এবং উন্নয়নশীল দেশের চেয়ে কম। যেমন: প্রতি হেক্টরে জাপানে-১১ কেজি, কোরিয়ায়-৬.৫ কেজি; ইতালিতে-৪.১৭ কেজি; ফ্রান্সে-৩.০৭ কেজি; ইউরোপে-২.৫ কেজি এবং ইউএসএতে-২.২৫ কেজি কৃষিজাত কীটনাশক পণ্য ব্যবহৃত হয়। তাই অ্যাগ্রোকেমিক্যাল্স শিল্পে প্রচুর সম্ভাবনা বিদ্যমান। প্রয়োজনীয় জনবল, লজিস্টিকস এবং

At present, there are 95 Costal Tankers, 08 Shallow Draft Tankers and 73 Bay crossing Shallow Draft Tankers and 23 Mini oil Tankers in oil marketing companies' transport pool of petroleum oil. Out of that, POCL has 34 Costal Tankers, 05 Shallow Draft Tankers, 26 Bay crossing Shallow Draft Tankers and 10 Mini oil Tankers in the transport pool of its petroleum sector. It is mentionable here that 90% of fuel is carried through river and rest of 8% and 2% through rail and road respectively. Besides, there are in total 2,121 Filling Stations, 3,049 Agent/Distributors, 746 packed point dealers, 3,138 LPG dealers and 111 marine dealers in the marketing network of 3 oil-marketing companies. Of that, POCL has 676 Filling Stations, 920 Agent/Distributors, 228 packed point dealers, 715 LPG dealers and 51 marine dealers in its marketing network.

(b) Agrochemicals Sector

There is no option but to increase production in agriculture in agro based economy of our country. It is very essential to use pesticides for enhancement of production side by side using modern materials such as high breed seeds and fertilizer. With a view to meeting the food demand of growing population's size a huge market of pesticides has been created along with the modernization of agriculture. At present, 380 Nos. both domestic and multi-national companies including Padma Oil Co. Ltd. have been marketing pesticide products that are contributing a significance role in crops production and preservation. According to BCPA Report, total sale of Agrochemical products in Agrochemical industry was 35,000 M.Ton in calendar year 2016.

Pesticides play an important role in Bangladesh agriculture. Several research studies have shown significant positive contribution of recommended use of chemical pesticides to increase the productivity and production of agricultural commodity. According to the source of World Institute, USA, the use of pesticide in Bangladesh is lower (less than 1kg per hectare) than most of the developed and developing countries such as in Japan- 11.0 kg; Korea- 6.5 kg; Italy- 4.17 kg; France- 3.07 kg; Europe-2.50 kg and USA-2.25 kg per hectare. Thus, there is profuse opportunity in Agrochemical industry. Company's market share of the

অন্যান্য সাপোর্ট সার্ভিসসহ মানসম্মত পণ্য সঠিক সময়ে কৃষকদের মাঝে নিয়ে যেতে পারলে অ্যাগ্রোকেমিক্যাল্‌স খাতে কোম্পানির মার্কেট শেয়ার আরও বৃদ্ধি করা সম্ভব।

পিওসিএল এর কার্যক্রম

কোম্পানির মূল কার্যক্রম হল জ্বালানি তেল, লুব্রিকেন্টস্ ও গ্রীজ, বিটুমিন ও এলপিজি সংগ্রহ, মজুদ, বাজারজাতকরণ ও বিপণন। তার সাথে কোম্পানি কৃষিজাত কীটনাশক পণ্য উৎপাদন ও বিপণন করে। ফলে কোম্পানির ব্যবসার দু'টি উল্লেখযোগ্য অংশ রয়েছে (ক) জ্বালানি তেল (খ) কৃষিজাত কীটনাশক।

ব্যবসায়িক ফলাফল

(ক) জ্বালানি তেল

২০১৬-২০১৭ অর্থ বছরে কোম্পানির জ্বালানি তেলের বিক্রয় ছিল ২০.০৮ লক্ষ মে.টন, যা গত বছরের বিক্রয় ১৭.৮৩ লক্ষ মে.টনের চেয়ে ২.২৫ লক্ষ মে.টন অর্থাৎ ১২.৬২% বেশি। জ্বালানি তেলের পণ্যসমূহের মধ্যে অকটেন (২৪.৭০%), জেট এ-১ (৮.১৭%), এমএস (৬৩.৬৫%), ডিজেল (১৫.৬২%), এমটিটি (১৯৩.৬৬%), এসবিপি (২৯৯.০৭%), লুব ও গ্রীজ (০.৮৭%) এবং বিটুমিন (৪২.৮৬) বিক্রয়ের পরিমাণ গত বছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে (বৃদ্ধির হার বন্ধনীতে দেখানো হয়েছে)। ফার্নেস অয়েলের বিক্রয় গত বছরের তুলনায় ২০১৬-২০১৭ অর্থ বছরে ৬.২০% হ্রাস পায়। বেসরকারি বিদ্যুৎ কেন্দ্রসমূহ নিজস্ব ব্যবস্থাপনায় ফার্নেস অয়েল আমদানি করায় কোম্পানির ফার্নেস অয়েল বিক্রয় গত অর্থ বছরের তুলনায় আলোচ্য অর্থ বছরে হ্রাস পেয়েছে। তাছাড়া, কেরোসিন (১৪.৮৫%), এলডিও (৭৬.০৫%) এলপিজি (২০%) ও জেবিও (৭.৪৫%) এর বিক্রয় আলোচ্য বছরে গত বছরের তুলনায় হ্রাস পেয়েছে (বন্ধনীতে হ্রাসের হার দেখানো হয়েছে)। সৌর বিদ্যুৎ ব্যবহার এবং দেশে বিদ্যুতের উৎপাদন বৃদ্ধি পাওয়ায় দেশের প্রত্যন্ত অঞ্চলে বিদ্যুতায়ন হওয়ার ফলে কেরোসিনের বিক্রয় হ্রাস পায়।

(খ) কৃষিজাত কীটনাশক পণ্য

২০১৬-২০১৭ অর্থ বছরে কোম্পানির অ্যাগ্রোকেমিক্যাল্‌স পণ্যের মোট বিক্রয়ের পরিমাণ ৪,০৯৩ মে.টন, টাকার অংকে ৮১.৯০ কোটি টাকা, যা পূর্ববর্তী অর্থ বছরে ছিল ৪,১৬৪ মে.টন, টাকার অংকে ৮১.২৫ কোটি টাকা। অ্যাগ্রোকেমিক্যাল্‌স পণ্যের ব্যবসা তীব্র প্রতিযোগিতামূলক হওয়ার কারণে অ্যাগ্রোকেমিক্যাল্‌স পণ্যের বিক্রয় গত অর্থ বছরের তুলনায় ১.৭১% হ্রাস পেয়েছে। কোম্পনির অ্যাগ্রোকেমিক্যাল্‌স পণ্যের বিক্রয় বৃদ্ধির লক্ষ্যে আলোচ্য অর্থ বছরে কয়েকটি নতুন পণ্য যেমন: সুপারফাস্ট, সিয়েটা, কগার, সামার, নভোফিক্স প্রভৃতি পণ্যসমূহ কোম্পানির পণ্য তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে। আশা করা যায় আগামীতে অ্যাগ্রোকেমিক্যাল্‌স শিল্পে কোম্পানির মার্কেট শেয়ার বৃদ্ধি পাবে।

agrochemicals business may be increased if necessary human resources, logistic support with other services and quality products are provided to the doorsteps of the farmers on right time.

POCL Activities

The principal activities of the Company are procurement, storage, and marketing of Petroleum products, Lubricants & Greases, Bitumen, and LPG. In addition, the Company is engaged with production and marketing of Agrochemicals Products. Thus, the Company's business has two reportable segments (a) Petroleum and (b) Agrochemicals.

Business Performance

(a) Petroleum Products

During 2016-2017, the sale of Petroleum products was 20.08 lac M.Ton as against 17.83 lac M.Ton in the last year, which was 2.25 lac M. Ton i.e. 12.62 % higher than that of the previous fiscal year. The sale of Octane (24.70%), Jet A-1 (8.17%), MS (63.65%), Diesel (15.62%), MTT (193.66%), SBP (299.07%), Lube & Grease (0.87%) and Bitumen (42.86%) increased in this year compared to the last year (increasing rate shown in the bracket). The Sale of furnace oil decreased by 6.20% during 2016-2017 compared to the previous fiscal year as the private power plants allowed by the government for importation of FO at their own management. Besides that sale of Kerosene (14.85%), LDO (76.05%), LPG (20%) and JBO (7.45%) declined during the year under review compared to the previous fiscal year (declining rate shown in the bracket). Installation of solar home system and due to increase of power production electricity supply made to the remote and other areas for meeting the individual power demand caused a lower sale of kerosene.

(b) Agrochemicals Sector

The total sale of Agrochemicals products of Padma Oil Company Limited was 4,093 M.Ton amounting to Taka 81.90 crore that was 4,164 M.Ton for Taka 81.25 crore in the previous fiscal year. Due to intensive competition in agrochemicals business total sale of agrochemicals products of the Company declined 1.71% in the reported year compared to the last year. In order to increase of Agrochemicals sale, the Company included few new products like Superfast, Saeta, Couger, Samar, Navofix etc. in the Company's portfolio of products during the year under review. It may be increased the Company's market share in the Agrochemicals industry of the country in future.

বিতরণ নেটওয়ার্ক

পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড এর সারা দেশব্যাপী একটি শক্তিশালী বিপণন নেটওয়ার্ক রয়েছে। জ্বালানি ও অ্যাগ্রোকেমিক্যাল্‌স পণ্য বিপণনে দেশের বিভিন্ন গুরত্বপূর্ণ স্থানে বিভিন্ন পর্যায়ে কোম্পানির মোট ২৮৩৮টি ডিস্ট্রিবিউটর আছে। বর্তমানে কোম্পানির বিপণন নেটওয়ার্কের অবস্থান নিম্নরূপ:

বিবরণ	সংখ্যা
ফিলিং স্টেশন	৬৭৬
এজেন্ট	৯২০
প্যাক্‌ড পয়েন্ট ডিলার	২২৮
এলপিজি ডিলার	৭১৫
বার্জ ডিলার	৫১
অ্যাগ্রোকেমিক্যাল্‌স পরিবেশক	২৩০
লুব অয়েল ডিলার	১৮
মোট	২৮৩৮

ডিপো নেটওয়ার্ক

বিবরণ	সংখ্যা
জ্বালানি তেল ডিপো	২১টি
অ্যাগ্রোকেমিক্যাল্‌স ডিপো	৩৩টি
এভিয়েশন ডিপো	৪টি

আর্থিক ফলাফল

পরিচালকমন্ডলী ৩০ জুন, ২০১৭ তারিখে সমাপ্ত বছরের আর্থিক ফলাফলের বর্ণনা নিম্নে প্রদান করছে :

কোটি টাকায়

বিবরণ	২০১৬-২০১৭	২০১৫-২০১৬	পরিবর্তন (%)
পেট্রোলিয়াম পণ্যে সর্বমোট আয়	২৪৫.৭৭	১৮৯.৭৭	২৯.৫১
পেট্রোলিয়াম পণ্যে নীট আয়	২৪৪.৫৯	১৮৬.৯১	৩০.৮৬
পরিচালন খরচ	(১৯৭.০৬)	(১৪৭.২০)	৩৩.৮৭
পেট্রোলিয়াম খাতে পরিচালন মুনাফা	৪৭.৫৩	৩৯.৭১	১৯.৬৯
পেট্রোলিয়াম ব্যবসায় অন্যান্য পরিচালন মুনাফা	৫৮.৮৫	৭২.৬৬	(১৯.০০)
অ্যাগ্রোকেমিক্যাল্‌স ব্যবসায় পরিচালন মুনাফা	০.৩৩	১.৩০	(৭৪.৬২)
মোট পরিচালন মুনাফা	১০৬.৭১	১১৩.৬৭	(৬.১২)
অপরিচালন আয়	১৭৮.৪৬	১৪৯.৭৯	১৯.১৪
ডব্লিউপিপিএফ পূর্ব মুনাফা	২৮৫.১৬	২৬৩.৪৬	৮.২৪
ডব্লিউপিপিএফ এ দেয়	(১৪.২৬)	(১৩.১৭)	৮.২৮
করপূর্ব মুনাফা	২৭০.৯১	২৫০.২৯	৮.২৪
আয়কর বরাদ্দ	(৬৭.৭৮)	(৬২.৯৩)	৭.৭১
করোত্তর মুনাফা	২০৩.১৩	১৮৭.৩৬	৮.৪২

আর্থিক পর্যালোচনা

নিম্নে ২০১৬-২০১৭ অর্থ বছরে কোম্পানির আর্থিক ফলাফলের উপর একটি পর্যালোচনা বিবৃত হলো :

Distribution Network

Padma Oil Company Limited has a strong marketing network across the country. The Company has in total 2,838 nos of distributor at various important locations and stages across the country. The present status of the network is given below.

Particulars	Number
Filling Station	676
Agent	920
Packed Point Dealer	228
LPG	715
Barge Dealer	51
Chemicals Distributor	230
Lube Oil Dealer	18
Total	2838

Depot Network

Particulars	Number
Petroleum Depot	21
Agrochemicals Depot	33
Aviation Depot	4

Financial Result

The Directors take pleasure in reporting the following financial results of the Company for the year ended 30 June 2017:

Taka in crore


Particulars	2016-2017	2015-2016	Change (%)
Gross earning on petroleum products	245.77	189.77	29.51
Net earning on petroleum products	244.59	186.91	30.86
Operating expenses	(197.06)	(147.20)	33.87
Operating Profit on petroleum	47.53	39.71	19.69
Other operating income -petroleum trade	58.85	72.66	(19.00)
Operating profit on Agrochemicals trading	0.33	1.30	(74.62)
Total operating profit	106.71	113.67	(6.12)
Non-operating income	178.46	149.79	19.14
Profit before WPPF	285.16	263.46	8.24
Contribution to WPPF	(14.26)	(13.17)	8.28
Profit before Income tax	270.91	250.29	8.24
Provision for Income Tax	(67.78)	(62.93)	7.71
Profit after tax	203.13	187.36	8.42

Financial Review

A Financial review on the Company's financial results in FY 2016-2017 has described below:

পেট্রোলিয়াম পণ্যে মোট আয়

২০১৬-২০১৭ অর্থ বছরে পেট্রোলিয়াম পণ্যের বিক্রয় খাতে মোট আয় অর্জিত হয়েছে ২৪৫.৭৭ কোটি টাকা, যা গত বছরের ১৮৯.৭৭ কোটি টাকার তুলনায় ২৯.৫১% বেশি।



পেট্রোলিয়াম পণ্যে নীট আয়

পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড এর পেট্রোলিয়াম পণ্যে ২০১৬-২০১৭ অর্থ বছরে নীট আয় হয়েছে ২৪৪.৫৯ কোটি টাকা, যা গত বছরে ছিল ১৮৬.৯১ কোটি টাকা। বৃদ্ধির হার ৩০.৮৬%।

পেট্রোলিয়াম খাতে পরিচালন আয়

আলোচ্য অর্থ বছরে পেট্রোলিয়াম খাতে কোম্পানির পরিচালন আয় ১৯.৬৯% বৃদ্ধির মাধ্যমে গত অর্থ বছরের ৩৯.৭১ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে ৪৭.৫৩ কোটি টাকায় উন্নীত হয়।

অ্যাগ্রোকেমিক্যাল্‌স ব্যবসায় পরিচালন আয়

আলোচ্য অর্থ বছরে কোম্পানি অ্যাগ্রোকেমিক্যাল্‌স ব্যবসায় পরিচালন মুনাফা গত বছরের ১.৩০ কোটি টাকার তুলনায় ৭৪.৬২% হ্রাস পেয়ে দাঁড়িয়েছে ০.৩৩ কোটি টাকা।

পরিচালন খরচ

আলোচ্য বছরে মোট পরিচালন খরচ হয়েছে ১৯৭.০৬ কোটি টাকা, যা গত বছরের ১৪৭.২০ কোটি টাকার তুলনায় ৩৩.৮৭% বৃদ্ধি পেয়েছে। আলোচ্য অর্থ বছরে কোম্পানির কর্মকর্তা এবং শ্রমিক-কর্মচারীদের বেতন-ভাতাদি বৃদ্ধির কারণে পরিচালন খরচ বৃদ্ধি পেয়েছে।

অপরিচালন আয়

অপরিচালন খাতে ২০১৬-২০১৭ অর্থ বছরে কোম্পানির আয় ছিল ১৭৮.৪৬ কোটি টাকা, যা গত বছরের ১৪৯.৭৯ কোটি টাকার তুলনায় ১৯.১৪% বেশি।

করপূর্ব মুনাফা

করপূর্ব মুনাফা গত বছরের ২৫০.২৯ কোটি টাকা হতে ৮.২৪% বৃদ্ধি পেয়ে আলোচ্য বছরে ২৭০.৯১ কোটি টাকায় উন্নীত হয়।

Gross Earnings on Petroleum Products

In financial year 2016-2017, Gross earnings on petroleum products stood at taka 245.77 crore with an increase of 29.51% compared with taka 189.77 crore of the previous year.

Net Earnings on Petroleum Products


The Company's net earning on petroleum products was Taka 244.59 crore in FY 2016-2017 that was Taka 186.91 crore in the previous fiscal year, registering an increase of 30.86%.

Operating Profit on Petroleum

Operating profit on petroleum products grew by 19.69% to taka 47.53 crore during the year under review compared to taka 39.71 crore for the previous year.

Operating Profit on Agrochemicals Trading

Operating profit on Company's Agrochemicals business registered a decline of 74.62% at Taka 0.33 crore during the year as against of Taka 1.30 crore in the last fiscal year.



Total Operating Expenses

Total operating expenses of Taka 197.06 crore in the reported year compared to taka 147.20 crore in the last year, registered an increase of 33.87%. Total operating expenses increased due to increase of salary of officers and employees in the reported year.

Non-operating Income

Non-operating income was Taka 178.46 crore in FY 2016-2017 compared to taka 149.79 crore in FY 2015-2016, showing an increase of 19.14 percent.

Profit before Income Tax

Profit before Income Tax grew by 8.24% to Taka 270.91 crore from taka 250.29 crore of previous fiscal year.


করোত্তর মুনাফা

২০১৬-২০১৭ অর্থ বছরে করোত্তর নীট মুনাফা গত বছরের ১৮৭.৩৬ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ২০৩.১৩ কোটি টাকা। বৃদ্ধির হার ৮.৪২ শতাংশ।

রিটার্নস্

(১) অন অ্যাসেট

আলোচ্য বছরে রিটার্ন অন অ্যাসেট ছিল ১.৩৯%, যা গত বছর ছিল ১.৬৫%।




(২) অন ইক্যুয়িটি :

এ বছর রিটার্ন অন ইক্যুয়িটি ছিল ১৯.৯৬%, যা গত বছর ছিল ২০.৫৩%।

শেয়ার প্রতি আয়

৩০ জুন, ২০১৭ সালে কোম্পানির শেয়ার প্রতি আয় হয়েছে ২০.৬৮ টাকা যা গত বছর ছিল ১৯.০৭ টাকা।



শেয়ার প্রতি নীট সম্পত্তি মূল্য

৩০ জুন ২০১৭ সমাপ্ত বছরের শেয়ার প্রতি নীট সম্পত্তি মূল্য হয় ১০৩.৬০ টাকা। গত বছরের ৯২.৯২ টাকার তুলনায় আলোচ্য বছরে শেয়ার প্রতি নীট সম্পত্তি মূল্য ১১.৪৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

Profit after Tax

Profit after tax increased to taka 203.13 crore in FY 2016-2017 from taka 187.36 crore of preceding year registering an increase of 8.42 percent.


Returns

(i) On Assets

Return on Assets stood at 1.39% in FY 2016-2017 which was 1.65% in the last year.

(ii) On Equity

Return on Equity was 19.96% during the year that was 20.53% in the last year.




Earning per Share (EPS)

EPS stood at Taka 20.68 as on 30 June 2017, which was Taka 19.07 in the last year.


Net Asset Value per Share

Net Asset value per share recorded at taka 103.60 as at 30 June 2017 compared to taka 92.92 for the previous year, showing an increase of 11.49 percent.



লভ্যাংশ

কোম্পানির পরিচালনা পর্ষদের নিকট শেয়ারহোল্ডারদের প্রাপ্যতা সবসময় প্রধান অগ্রাধিকার হিসেবে বিবেচিত হয়। ২০১৬-২০১৭ অর্থ বছরে শেয়ারহোল্ডারদের জন্য পর্ষদ কর্তৃক শেয়ার প্রতি নগদ ১১০% অর্থাৎ প্রতি শেয়ারে নগদ ১১.০০ টাকা (গত অর্থ বছরে যা ছিল ১০০%) লভ্যাংশ প্রদানের জন্য সুপারিশ করা হয়। যদি পরিচালনা পর্ষদের সুপারিশকৃত লভ্যাংশ বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণ কর্তৃক অনুমোদিত হয় তবে এতে নগদ ১০৮.০৬ কোটি টাকা শেয়ারহোল্ডারদের মধ্যে বন্টন করা হবে।



বিবরণ	পরিমাণ (কোটি টাকা)
বন্টনযোগ্য নীট মুনাফা	২০৩.১৩
পর্ষদ কর্তৃক বন্টনের সুপারিশ :	
প্রতি শেয়ারে ১১০% হারে নগদ লভ্যাংশ	১০৮.০৬
রিটেইন্ড আয়ে স্থানান্তর	৯৫.০৭

শেয়ারহোল্ডারদের তহবিল

কোম্পানির পরিচালনা পর্ষদ কোম্পানির প্রবৃদ্ধি অর্জনের পাশাপাশি শেয়ারহোল্ডারদের স্বার্থ তুলে ধরতে এবং তা সমুন্নত রাখার জন্য ক্রমাগতভাবে চেষ্টা করে যাচ্ছে। তবে কোম্পানির ভবিষ্যৎ কর্ম পরিকল্পনায় বিপুল অর্থ সংস্থানের প্রয়োজন হবে বিধায় কোম্পানির রিটেইন্ড আয়ে মুনাফার একটি বড় অংশ স্থানান্তর করতে হচ্ছে। ২০১৬-২০১৭ অর্থ বছরের বন্টনযোগ্য মুনাফা ছিল ২০৩.১৩ কোটি টাকা। ৩০শে জুন ২০১৭ তারিখে সমাপ্ত আর্থিক হিসাব অনুযায়ী শেয়ারহোল্ডার তহবিলের পরিমাণ গত অর্থ বছরের ৯১২.৭৯ কোটি টাকা হতে ১১.৪৯% বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ১,০১৭.৬৮ কোটি টাকা।

পদ্মা অয়েল কোম্পানী লিমিটেডের ২০১৬-২০১৭ অর্থ বছরে পরিশোধিত মুলধন ছিল ৯৮.২৩ কোটি টাকা। রিটেইন্ড আয় ৮১৪.৫৬ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৯১৯.৪৫ কোটি টাকা। বৃদ্ধির হার ১২.৮৮%। শেয়ারহোল্ডার তহবিলের এ শক্ত অবস্থান কোম্পানির ভবিষ্যৎ ব্যবসা সম্প্রসারণে সহায়তা করবে।

Dividend

Shareholders' return is always key priority of the Board of Directors of the Company. The Board pleased to recommend 110% percent cash dividend i.e. per share Taka 11.00 (which was 100% in the preceding year) to the shareholders for the year 2016-2017. The recommended dividend if approved by the shareholders at the Annual General Meeting Taka 108.06 crore will be distributed among the shareholders.

Particulars	Amount (Taka in Crore)
Net profit available for appropriation	203.13
Board's recommendation for appropriation;	
110% Cash Dividend	108.06
Transfer to Retained Earnings	95.07

Shareholders' Equity

The Board of Directors is continuously making effort to uphold and protect the interest of Shareholders as well as to ensure stable growth of the Company. But due to requirement of huge money for future planning a huge amount of net profit has to be transferred to the Retained earnings. The fund available for distribution was Taka 203.13 crore. Shareholders' Fund increased by 11.49% to Taka 1017.68 crore from Taka 912.79 crore of the previous year as per financial statements for the year ended 30 June 2017.

Paid up capital of Padma Oil Company Limited was Taka 98.23 crore during 2016-2017. Retained earnings increased to Taka 919.45 crore from Taka 814.56 crore, showing an increase of 12.88 percent. The strong growth in Shareholders' fund will enable the Company to expand its business in future.

শেয়ারহোল্ডারবৃন্দের মর্যাদা এবং বাজার দরের তথ্য

পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড শেয়ারহোল্ডারদের সর্বোচ্চ মূল্য প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ। শেয়ারহোল্ডারদের যৌক্তিক হারে মুনাফা প্রদানের মাধ্যমে কোম্পানি শেয়ার বিনিয়োগে উৎসাহিত করে। এ অর্থ বছরে শেয়ার ট্রেডিংয়ের শেষ দিনে ঢাকা স্টক এক্সচেঞ্জে প্রচারিত পদ্মা অয়েল কোম্পানী লিমিটেডের শেয়ারের বাজার দর ছিল ২৫৫.৯০ টাকা। ৩০ জুন, ২০১৭ তারিখে কোম্পানির বাজার মুলধনের পরিমাণ দাঁড়িয়েছে ২,৫১৩.৭৮ কোটি টাকা।

কর্পোরেট গভর্নেন্স

কর্পোরেট গভর্নেন্স এর মূলনীতি হলো স্বচ্ছতা, গ্রহণযোগ্যতা ও ন্যায় নীতির সাথে দায়িত্ব পালন। পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড এর নিকট কর্পোরেট গভর্নেন্স হচ্ছে দক্ষতা স্বচ্ছতা এবং পেশাদারিত্বের মাধ্যমে শেয়ারহোল্ডারদের উচ্চ হারে মূল্য প্রদান; সমাজ ও রাষ্ট্রের প্রতি দায়বদ্ধতা এবং পরিবেশের প্রতি সংবেদনশীলতা। কর্পোরেট ম্যানেজমেন্টের দায়িত্ব হচ্ছে উত্তম গভর্নেন্সের সাথে দায়িত্ব পালন করে শেয়ারহোল্ডার ভ্যালু বৃদ্ধি করা। স্টক এক্সচেঞ্জের তালিকাভূক্ত কোম্পানিগুলোর জন্য বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্পোরেট গভর্নেন্সের বিষয়ে নির্দেশাবলী (এসইসি/সিএমআর আরসিডি/২০০৬-১৫৮/১৩৪/ অ্যাডমিন/৪৪ তাং ৭ আগস্ট, ২০১২) এবং এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/ ১৪৭/অ্যাডমিন/৪৮ তারিখ ২১ জুলাই, ২০১৩) জারি করেছে। কোম্পানি বিএসইসির কর্পোরেট গভর্নেন্সের নির্দেশাবলী, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেডের লিস্টিং রেগুলেশন্স এবং অন্যান্য নিয়ন্ত্রক সংস্থাসমূহের আইন ও বিধিসমূহ পরিপূর্ণভাবে প্রতিপালন করে। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক জারিকৃত কর্পোরেট গভর্নেন্সের গাইডলাইন্স প্রতিপালনের বিবরণ এ প্রতিবেদনের সংযুক্তি ১,২,৩, ও ৪ এ উপস্থাপন করা হলো।

পরিচালনা পর্ষদ

আট জন পরিচালকমন্ডলীর সমন্বয়ে কোম্পানির পরিচালনা পর্ষদ গঠিত। আট জনের মধ্যে একজন স্বতন্ত্র পরিচালক, একজন বিপিসি বাদে বাকি শেয়ারহোল্ডারদের মধ্য থেকে নির্বাচিত শেয়ারহোল্ডারস্ পরিচালক এবং বাকি ৬ জন বিপিসি কর্তৃক মনোনীত পরিচালক। পরিচালনা পর্ষদ

Shareholders' Value and Market Price Information

The Padma Oil Company Ltd. remains fully committed to delivery of higher shareholders' value. The shareholders feel interested of themselves by investing in the share of the Company on getting the reasonable dividend. Reported Market Price of Share of POCL in Dhaka Stock Exchange Limited was Taka 255.90 on close of the last trading day on 30.06.2017. Market capitalization stood at Taka 2,513.78 crore as at 30 June 2017.

Corporate Governance

Fairness, transparency, accountability and responsibility are the minimum standards of acceptable Corporate Governance. To Padma Oil Company Limited, Corporate Governance means increasing the Shareholders' value by being efficient, transparent and professional; accountable to the Government and the society and responsive to the environmental issues. Maximizing value for shareholders through performance with good governance is the responsibility of corporate management. Bangladesh Securities & Exchange Commission has issued a Corporate Governance Guidelines (Notification No.SEC/CMRRCD/2006-158/134/ admin/44 dated 07-08-2012 and SEC/CMRRCD/ 2006-158/147/admin/48 dated 21 July 2013) for the companies listed with Stock Exchanges. The Company has adequately complied with all the Corporate Governance Guidelines of BSEC and listing regulations of DSE and CSE, rules & regulations of other regulatory bodies. The Report of the Corporate Governance Guidelines issued by the Bangladesh Securities and Exchange Commission is attached at Annexure 1, 2, 3 and 4 of this Directors' Report.

Board of Directors

The Board consists of eight directors. Out of eight directors one number is Independent director, another one is Shareholders' director elected from the rest of the shareholders except BPC and rest of six directors are nominated by BPC.

ব্যবসায় এবং প্রশাসনিক ক্ষেত্রে উচ্চ শিক্ষাগত এবং পেশাগত যোগ্যতা সম্পন্ন ব্যক্তিদের সমন্বয়ে গঠিত। এ সমস্ত গুণাবলী পর্ষদের দায়িত্ব ও কর্তব্য পালনে শক্ত ভিত রচনা করেছে। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক পর্ষদ অনুমোদিত নীতি, ম্যানুয়েল এবং সীমার মধ্যে কোম্পানির কার্যাবলী পরিচালিত হয়ে থাকে। পর্ষদ সভা নিয়মিত অনুষ্ঠিত হয়ে থাকে। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনানুযায়ী পরিচালনা পর্ষদের একটি অডিট কমিটি রয়েছে।

Board's Members include persons of high caliber, with academic and professional qualification in the field of business & administration. This has given strength for effective discharge of duties and responsibility by the Board. The board discharges its duties and responsibilities it self and through various committees. The Management operates within the policies, manual and limits approved by the Board. As per Bangladesh Securities & Exchange Commission's guidelines, Board has one Audit Committee.



পর্ষদ সভায় পরিচালকমন্ডলী

অডিট কমিটি

পদ্মা অয়েল কোম্পানী লিমিটেডের অডিট কমিটি পর্ষদ মনোনীত তিনজন পরিচালকের সমন্বয়ে গঠিত এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনাবলীর আলোকে পর্ষদ অনুমোদিত নীতিমালার ভিত্তিতে কার্যাবলী পরিচালনা করে থাকে।

কমিটির উদ্দেশ্য হল সঠিক এবং পর্যাপ্ত অভ্যন্তরীণ নিয়ন্ত্রণের মাধ্যমে কোম্পানির পরিচালন নিশ্চিত করা। কমিটি কোম্পানির আর্থিক বিবরণী সঠিক ও যথার্থভাবে এবং সময়মতো পরিচালনা পর্ষদ, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, নিয়ন্ত্রণকারী সংস্থা, শেয়ারহোল্ডার ও অন্যান্যদেরকে প্রদান

Audit Committee

Audit Committee of Padma Oil Company Limited comprises of three members of the Board nominated by the Board of Directors and operates according to the charter of the Committee approved by the Board based on Bangladesh Securities & Exchange Commission's guidelines.

The objectives of the committee are to ensure that proper and adequate internal control is in place to facilitate smooth functioning in the Company's operation. The committee ensures that a sound financial reporting system is in place, which is well managed providing accurate, appropriate and timely information to the Board of Directors,

নিশ্চিত করে। ২০১৬-২০১৭ অর্থ বছরে কমিটি নিম্নরূপ কার্যাদি সম্পাদন করেছে :

☛ বহিঃনিরীক্ষক কর্তৃক দাখিলকৃত ২০১৬-২০১৭ অর্থ বছরের আর্থিক বিবরণী পুনঃনিরীক্ষণ এবং সুপারিশ প্রণয়ন;

☛ ২০১৬-২০১৭ অর্থ বছরের আর্থিক বিবরণীর বিষয়ে বহিঃনিরীক্ষকদের সাথে আলোচনা;

☛ ২০১৬-২০১৭ অর্থ বছরের ত্রৈমাসিক ও অর্ধবার্ষিক হিসাব বিবরণীসমূহ পর্যালোচনা ও পর্ষদের নিকট সুপারিশ প্রণয়ন;

☛ ২০১৬-২০১৭ অর্থ বছরের সংশোধিত বাজেটসহ ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট পর্যালোচনা ও সুপারিশ প্রণয়ন।

পর্ষদ সভা ও পরিচালকমন্ডলীর সম্মানী

পরিচালনা পর্ষদ তাঁদের দায়িত্ব পালনের জন্য নিয়মিতভাবে সভা করে। ২০১৬-২০১৭ অর্থ বছরে পর্ষদ সভার সংখ্যা, পরিচালকমন্ডলীর সভায় উপস্থিতির সংখ্যা এবং তাঁদের সম্মানী প্রদানের প্রতিবেদন সংযুক্ত ১-এ প্রদর্শিত হলো।

পর্ষদ চেয়ারম্যান

কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক তথা প্রধান নির্বাহী কর্মকর্তা পদে ভিন্ন ভিন্ন ব্যক্তি দায়িত্বে নিয়োজিত আছেন।

স্বতন্ত্র পরিচালক

বিএসইসির কর্পোরেট গভর্নেন্সের নির্দেশনা অনুসারে পরিচালনা পর্ষদে একজন স্বতন্ত্র পরিচালক নিয়োজিত আছেন। জনাব আহমেদ জামাল খান চৌধুরী কোম্পানির একজন স্বতন্ত্র পরিচালক।

জাতীয় তহবিলে অবদান

পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড জাতীয় তহবিলে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। কর আইন অনুযায়ী বিভিন্ন পরিশোধিত অর্থ হতে উৎসে আয়কর, ভ্যাট এবং অন্যান্য লেভী কর্তন

Management, Regulatory bodies, shareholders & other stake-holders. During 2016-2017 the committee carried out the following tasks;

☛ Reviewed of financial statements of FY 2016-2017 submitted by the external auditors and put their recommendations to the board;

☛ Discussed with the external auditors regarding financial statements of 2016-2017;

☛ Reviewed the quarterly and half-yearly financial statements of 2016-2017 and put their recommendations to the board;

☛ Reviewed revised budget of the Company during 2016-2017 including budget of 2017-2018 and put their recommendations to the board.

Board Meeting & Remuneration of the Directors

The Board meets regular basis to discharge its responsibilities. Number of Board Meeting held in FY 2016-2017 and the attendance & remuneration of each director shown in Annexure-1.

Chairman of the Board

The Chairman of the Board is fully independent from the office of the Managing Director i.e. CEO.

Independent Director

In compliance with the Corporate Governance Guidelines of BSEC, one Independent Director has been appointed in the Board of Directors. Mr. Ahmed Jamal Khan Choudhuri is an Independent Director of the Company.

Contribution To National Exchequer

Padma Oil Company has contributed significantly to the Government. As per law, the Company deducts taxes and VAT at sources and other levies from the various payments and services

পূর্বক জাতীয় কোষাগারে জমা প্রদান করে আসছে। পাশাপাশি কোম্পানি নিজস্ব আয়ের উপর আয়কর প্রদান করে থাকে। ২০১৬-২০১৭ অর্থ বছরে জাতীয় তহবিলে মোট অর্থ প্রদান নিম্নরূপ :

(কোটি টাকা)

বিবরণ	২০১৬-২০১৭	২০১৫-২০১৬
আয়কর	১৫৫.৪১	১২৮.৪৯
ভ্যাট	১৯১৬.৪৫	১৬১৯.৩৭
কাস্টম ডিউটি	৪৯৭.৩৭	৩৮৯.৩২
আইডিএসসি	.০৩	.০৪
পোর্ট ডিউস	৮.৮৩	৬.৮৫
মোট	২৫৭৮.০৯	২,১৪৪.০৭

পরিচালকমন্ডলীর আবর্তন

কোম্পানি আইন' ১৯৯৪ এবং কোম্পানির পরিচালন বিধি অনুযায়ী প্রতি বার্ষিক সাধারণ সভায় পরিচালকমন্ডলীর এক তৃতীয়াংশ সদস্য পালাক্রমে অবসরগ্রহণ করেন এবং অবসরগ্রহণকারী পরিচালকগণ পুনঃমনোয়নযোগ্য। এ বার্ষিক সাধারণ সভায় পরিচালনা পর্ষদ হতে পরিচালক জনাব এআরএম নজমুস্ ছাকিব, স্বতন্ত্র পরিচালক জনাব আহমেদ জামাল খান চৌধুরী, শেয়ারহোল্ডারস পরিচালক জনাব মোহাম্মদ আব্দুল আউয়াল এবং পরিচালক জনাব মোঃ আরিফুজ্জামান মিয়া টুটুল অবসরগ্রহণ করবেন। তন্মধ্যে জনাব এআরএম নজমুস্ ছাকিব ও জনাব মোঃ আরিফুজ্জামান মিয়া টুটুলকে বিপিসি কর্তৃক পুনঃমনোনয়ন প্রদান করা হয়েছে। জনাব আহমেদ জামাল খান চৌধুরী আসন্ন বার্ষিক সাধারণ সভায় স্বতন্ত্র পরিচালক হিসেবে তাঁর দ্বিতীয় মেয়াদ পূর্ণ করবেন বিধায় বিএসইসি'র কর্পোরেট গভর্নেন্সের বিধান অনুসারে তাঁর পুনঃমনোনয়নের সুযোগ নেই। তাই পর্ষদ কর্তৃক স্বতন্ত্র পরিচালক হিসেবে জনাব মোহাম্মদ ইকবালকে তাঁর স্থলে আসন্ন বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদন সাপেক্ষে নিয়োগ প্রদান করা হয়েছে। বর্তমান শেয়ারহোল্ডারস পরিচালক জনাব মোহাম্মদ আব্দুল আউয়াল আসন্ন বার্ষিক সাধারণ সভায় অবসরগ্রহণ করবেন বিধায় বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারস পরিচালকের জন্য নির্বাচন অনুষ্ঠিত হবে।

নিরীক্ষক নিয়োগ

৪৭তম বার্ষিক সাধারণ সভায় মেসার্স এ কাসেম অ্যান্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস্ এবং মেসার্স শফিক বসাক

and deposits the same to Government exchequer. Besides, the Company also pays tax on its earnings. Total payment to Government exchequer during 2016-2017 is shown below:

(Taka in Crore)

Particulars	2016-2017	2015-2016
Income Tax	155.41	128.49
VAT	1916.45	1619.37
Customs Duty	497.37	389.32
IDSC	.03	.04
Port dues	8.83	6.85
Total	2,578.09	2,144.07

Rotation of Directors

As per Companies Act 1994 and Articles of Association of the Company, one third of the Directors retire by rotation from the office of Directors and retired Directors are eligible for re-appointment. Mr. ARM Nazmus Sakib, Director, Mr. Ahmed Jamal Khan Choudhuri, Independent Director, Mr. Mohammed Abdul Awwal, Shareholders' Director and Mr. Md. Arifuzzaman Miah Tutul, Director will retire from the Board in the ensuing Annual General Meeting. Among them, Mr. ARM Nazmus Sakib and Mr. Md. Arifuzzaman Miah Tutul are eligible for re-appointment and they have already been re-nominated by BPC subject to the approval of shareholders at AGM. On the other hand, Mr. Ahmed Jamal Khan Choudhuri is not eligible for re-appointment according to the BSEC's Corporate Governance Guideline as he is going to complete his second term as an Independent Director of the Company in ensuing AGM. Thus, the Board of Directors of the Company has appointed Mr. Mohammad Iqbal as Independent Director of the Board in place of Mr. Ahmed Jamal Khan Choudhuri subject to approval of the shareholders at AGM. An election for Shareholders' Director will be held in the ensuing AGM as Shareholders' Director Mr. Mohammed Abdul Awwal is going to be retired at same AGM.

Appointment of Auditors

In the 47th Annual General Meeting M/s. A. Qasem & Co., Chartered Accountants and

অ্যান্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস্ কোম্পানির ২০১৬-২০১৭ অর্থ বছরের জন্য যুগ্ম বহি:নিরীক্ষক হিসেবে শেয়ারহোল্ডারগণ কর্তৃক নিয়োগ প্রাপ্ত হয়। কোম্পানী আইন' ১৯৯৪ অনুসারে তারা এই বার্ষিক সাধারণ সভায় অবসরগ্রহণ করবে। তন্মধ্যে মেসার্স শফিক বসাক অ্যান্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস্ বহিঃনিরীক্ষক হিসেবে পুনঃমনোনয়নযোগ্য এবং তারা ইতোমধ্যে ২০১৭-২০১৮ অর্থ বছরে কোম্পানির নিরীক্ষা কার্যের নিমিত্ত নিয়োগ প্রাপ্ত হওয়ার জন্য তাদের ইচ্ছা প্রকাশ করেছে। অন্যদিকে এ কাসেম অ্যান্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস এর কোম্পানির বহিঃনিরীক্ষক হিসেবে পরপর তিন বছর পূর্তি হওয়ার ফলে বিএসইসি'র বিধান অনুসারে ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য তাদেরকে বহিঃনিরীক্ষক হিসেবে পুনঃমনোনয়ন প্রদানের সুযোগ নেই। এমতাবস্থায়, কোম্পানির সংখ্যাগরিষ্ঠ শেয়ারের মালিক হিসেবে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) কর্তৃক কোম্পানির ২০১৭-২০১৮ অর্থ বছরের নিরীক্ষা কার্যের জন্য বহিঃনিরীক্ষক হিসেবে মেসার্স শফিক বসাক অ্যান্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস্ এর সাথে এ কাসেম অ্যান্ড কোং, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টসের স্থলে রহমান রহমান হক, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস্কে আসন্ন বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদনের জন্য মনোনয়ন প্রদান করা হয়েছে।

প্রকাশনা এবং শেয়ারহোল্ডারদের সাথে যোগাযোগ

কোম্পানি সংবিধিবদ্ধ প্রতিবেদন অর্থাৎ ত্রৈমাসিক, ষান্মাসিক এবং বার্ষিক হিসাব বিবরণীসমূহ বিভিন্ন নিয়ন্ত্রক সংস্থা ও সম্মানিত শেয়ারহোল্ডারদের জন্য সময়মতো প্রকাশনা ও তা পেশ করার উপর সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করে থাকে, যাতে কোম্পানির সার্বিক কার্যক্রমের স্বচ্ছ ধারণা পাওয়া যায়। পর্ষদ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড একচেঞ্জ কমিশনের বিধিসমূহ সবসময় নিশ্চিত করে। কোম্পানির শেয়ার মূল্যের উপর প্রভাব বিস্তার করতে পারে এমন সকল মূল্য সংবেদনশীল তথ্য এবং সকল আর্থিক বিবরণীসমূহ জাতীয় দৈনিক পত্রিকাসমূহ, অনলাইন নিউজ পোর্টাল ও কোম্পানির ওয়েবসাইটে প্রকাশনার মাধ্যমে তা শেয়ারহোল্ডারদের নিকট পৌঁছে দেয়া হয়। বার্ষিক সাধারণ সভাও শেয়ারহোল্ডারগণের সাথে যোগাযোগের একটা ভালো সুযোগ সৃষ্টি করে।

M/s. Shafiq Basak & Co., Chartered Accountants were appointed as external Joint Auditors of the Company for the FY 2016-2017. According to Companies Act, 1994 they will be retired at this Annual General Meeting. Among them M/s. Shafiq Basak & Co., Chartered Accountants is eligible for re-appointment for the year 2017-2018 and they have already expressed their willingness for re-appointment. On the other hand, A. Qasem & Co., Chartered Accountants is not eligible for re-appointment for the year 2017-2018 according to BSEC's rule as they have conducted the Company's audit for consecutive three years. As such, as a major Shareholder Bangladesh Petroleum Corporation has already nominated M/s. Rahman Rahman Huq in place of M/s. A. Qasem & Co., Chartered Accountants alongwith M/s. Shafiq Basak & Co., Chartered Accountants for the shareholders' approval in the ensuing AGM.

Publication and Communication with the Shareholders

The Company attaches high priority on timely publication and submission of the statutory reports i.e. Quarterly, Half-yearly and Annual Financial Statements in details enabling the regulatory bodies and existing & potential shareholders to make a fair assessment on Company's over all performance. The Board continues to ensure the compliance of Bangladesh Security & Exchange Commission's rules & regulations. All the price sensitive information having any possible impact on share prices of the Company and all financial statements are communicated to the shareholders by publications in the national dailies, online news portal and Company's website. The Annual General Meeting also creates on opportunity for communication with shareholders.

২০১৬-২০১৭ অর্থ বছরে বিভিন্ন ক্ষেত্রে কোম্পানির প্রধান অর্জনসমূহ

(ক) আর্থিক ব্যবস্থাপনা

কোম্পানির ফিন্যান্স বিভাগের সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনার ফলে অন্যান্য অপরিচালন আয়ের ক্ষেত্রে কোম্পানি এ বছরও উল্লেখযোগ্য মুনাফা অর্জন করেছে। এ বছর কোম্পানির অন্যান্য অপরিচালন খাতে ১৭৮.৪৬ কোটি টাকা আয় করে যা গত বছর ছিল ১৪৯.৭৯ কোটি টাকা। পেট্রোলিয়াম ও অ্যাগ্রোকেমিক্যাল্‌স ব্যবসার পাশাপাশি কোম্পানির সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনা নীতি কোম্পানিকে অন্যান্য অপরিচালন খাতে বিশাল আয় এনে দিচ্ছে, যা কোম্পানিকে একটি শক্তিশালী অর্থনৈতিক ভিত্তি গড়ে দিচ্ছে। কোম্পানির ফান্ডের সর্বোচ্চ ব্যবহার হচ্ছে সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনার নীতির প্রধান উদ্দেশ্য এবং অর্জন। আমাদের কোম্পানির ফিন্যান্স বিভাগ সেই কাজটি সুচারুরূপে করে যাচ্ছে।

(খ) পরিচালন

২০১৬-২০১৭ অর্থ বছরে পদ্মা অয়েল কোম্পানী লিঃ অধিকতর আর্থিক দক্ষতা এবং গ্রাহক ভিত্তিক পরিচালন কার্যের উপর গুরুত্ব প্রদান করেছিল। কোম্পানি সফলভাবে গ্রাহকের চাহিদা পূরণে বিশেষত বিদ্যুৎ সেক্টরের জন্য ডিজেল এবং ফার্নেস অয়েলের চাহিদা মেটাতে সক্ষম হয়েছিল। অপারেশনস্ বিভাগের কর্মকর্তা এবং শ্রমিক-কর্মচারীরা নিরন্তর পরিশ্রম করে সারা বছর নিরবচ্ছিন্ন জ্বালানি তেল সরবরাহের মাধ্যমে গ্রাহকের চাহিদা পুরণ করে।

আলোচ্য অর্থ বছরে এ কোম্পানি দক্ষতার সাথে পণ্যের মজুদ ব্যবস্থাপনা পরিচালনা করেছে এবং কোম্পানির বিভিন্ন ডিপোতে দক্ষতার সাথে প্রোডাক্টস্ হ্যান্ডলিং করেছে যা কাঙ্খিত মুনাফা অর্জনে সহায়ক হয়েছে। আলোচ্য অর্থ বছরে পেট্রোলিয়াম খাতে কোম্পনির পরিচালন আয় ১৯.৬৯% বৃদ্ধির মাধ্যমে গত অর্থ বছরের ৩৯.৭১ কোটি টাকা হতে বৃদ্ধি পেয়ে ৪৭.৫৩ কোটি টাকায় উন্নীত হয়।

(গ) এভিয়েশন

২০১৬-২০১৭ অর্থ বছরে কোম্পানি ৩.৭৬ লক্ষ মেঃটন জেট এ-১ তেল সরবরাহ করতে সক্ষম হয়েছে, যা গত অর্থ বছরের চেয়ে ৮.১৭% বেশি। এ কোম্পানি দক্ষতার সাথে হজ পূর্ববর্তী এবং হজ পরবর্তী ফাইট পরিচালনা সম্পন্ন

Company's Key Achievements During 2016-2017 in Various Aspects

(a) Fund Management

The Company earned a significant profit from non-operating income in this year due to proper fund management by the Finance department. The Company earned non-operating income of taka 178.46 crore in this year as against Taka 149.79 crore in the last year. Proper fund management enables the Company to earn a huge amount from non-operating income that brings up a strong economic base to the Company in addition to the Petroleum and Agrochemicals business. The main object and achievement of the financial management is the best utilization of the fund. Finance Department of our Company has been doing this properly.

(b) Operation

During FY 2016-2017, our Company focused on making operational activities more economical efficient and customer-oriented. The Company successfully managed its customer needs, specially the huge Furnace Oil (FO) and Diesel Oil (HSD) demand of the power sector. With relentless efforts by the officers and workforce at operating locations, un-interrupted supplies were made round the clock to meet the customers' fuel needs.

In the reported period, our Company managed inventory efficiently and benefited the bottom line by proficient handling of products at various depots/locations. Operating profit on petroleum products grew by 19.69% to taka 47.53 crore during the year under review compared to taka 39.71 crore for the previous year.

(c) Aviation

In FY 2016-2017 our Company managed to deliver 3.76 lac M.Ton JET A-1 fuel which were 8.17% higher than that of the last year's volume. Our Company successfully completed the pre and post Hajj operations. By loading the fuel in the

করেছে। এভিয়েশন বিভাগের কর্মচারীরা সময়মতো এবং সুচারুভাবে বিমানে তেল লোডিং করে সারা বছরব্যাপী দেশী এবং আন্তর্জাতিক ফাইট সচল রেখেছে।

(ঘ) ক্রয় ও সেবা

পদ্মা অয়েল কোম্পানী লিমিটেডের ক্রয় সেবার একটি বিশদ নীতি রয়েছে, যা প্রতিযোগিতামূলক বাজারে স্বচ্ছ প্রক্রিয়ার মাধ্যমে দিক নির্দেশনা প্রদান করে এবং পণ্যের গুণগত মান এবং সরবরাহ সময় নিয়ে কোন আপোষ করা হয় না।
পেশাগত উৎকর্ষতা সন্ধানে কোম্পানির ক্রয় বিভাগ বর্তমান পরিবেশ উপযোগী ক্রয় প্রক্রিয়া আধুনিকীকরণের ক্রমাগত চেষ্টা করে যাচ্ছে, যেখানে ক্রয় নীতি বিক্রয় নীতির ন্যায় সমগুরুত্বপূর্ণ।

(ঙ) লুব্রিকেন্টস্ ব্যবসা

আলোচ্য অর্থ বছরে কোম্পানির লুব ও গ্রীজ বিক্রয়ের পরিমাণ ছিল ৪৫৩৭ মে.টন যা গত অর্থ বছরের চেয়ে ০.৮৭ শতাংশ বেশি। ২০১৬-২০১৭ অর্থ বছরে পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড বিভিন্ন বিদ্যুৎ কেন্দ্রসমূহে ফ্রান্সের টোটাল ব্র্যান্ডের মেরিন লুব্রিকেন্টস্, টোটাল অরিলিয়া টিআই ৪০৫৫ (টিবিএন ভ্যালু ৫৫), টারবাইন অয়েল ও ডিজেল ইঞ্জিন অয়েল সরবরাহ করেছে। উল্লেখ্য, পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড বর্তমানে ফ্ল্যাক্সি ব্যাগের (২৩০০ লিটার ধারণক্ষমতা সম্পন্ন) মাধ্যমে টোটাল অরিলিয়া-৪০৫৫ বিদ্যুৎ কেন্দ্রে সরবরাহ করছে। তাছাড়া, আন্তর্জাতিকভাবে সুপরিচিত আমাদের উঁচুমানের টোটাল ব্র্যান্ড ট্রান্সফরমার অয়েলের প্রতিযোগিতামূলক মূল্যের কারণে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতির সাথে কোম্পানি ট্রান্সফরমার অয়েলের ভালো ব্যবসা করে। অটোমোটিভ সেক্টরে আধুনিক মডেলের যাত্রীবাহী গাড়ি, ট্রাক, বাস এবং ভারী যানবাহনের জন্য বিশ্বখ্যাত সর্বশেষ ভার্সনের টোটাল ব্র্যান্ড লুব্রিকেটিং অয়েল চালু করার ফলে অটোমেটিভ সেক্টরে আমাদের কোম্পানির লুব্রিকেন্টস্ এর মার্কেট শেয়ার বৃদ্ধি পেয়েছে। বর্তমানে দেশের সব ধরনের আধুনিক গাড়ি এবং মেশিনারির জন্য পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড বৃহৎ পরিসরের লুব্রিকেটিং তেল বিপণন করছে।

বিপণন কার্যাদি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কোম্পানিতে একটি 'টেকনিক্যাল সার্ভিস' শাখা রয়েছে। এই শাখা কোম্পানির মাঠ পর্যায়ের কর্মকর্তাদের টেকনিক্যাল সহায়তা প্রদান করছে এবং কোম্পানির বিভিন্ন পণ্য বিপণন পর্যায়ে কোম্পানির সম্মানিত গ্রাহকদের বিভিন্ন জিজ্ঞাসার জবাবে আমাদের পণ্যের বিশদ বিবরণ, গুণগত মান বর্ণনা এবং

planes on time and properly, the officers and work force of Aviation department keeps the domestic and international flight moving round the year.

(d) Procurement & Services

POCL has a comprehensive procurement Policy that provides guidelines to ensure competitive bidding through a very transparent procedure without comprising on quality of required goods and given timeline.
In quest of professional excellence, procurement department is striving for continual improvement in procurement process to cope with the present challenging environment where strategic procurement is as important as strategic selling.

(e) Lubricants Trade

The sale of Lube & Grease was 4537 MT during the year under review, which was 0.87% higher than that of the previous year. During 2016-2017, we made supply France origin, TOTAL brand marine lubricants, TOTAL AURELIA TI 4055 (TBN value 55), Turbine oil and Diesel Engine oil to the power stations. Besides, Padma Oil Company Limited made supply Total AURELIA TI 4055 in power stations through Flexi bag (2300-litre capacity). Besides, we achieved outstanding business of transformer oil with Rural Electrification Board (REB) unit due to competitive price of our internationally renowned, quality product of TOTAL brand transformer oil. In automotive sector, our lubricants market share has been increased due to introducing world-renowned latest version TOTAL brand lubricating oil for latest model passenger car, truck, bus, and heavy vehicles. At present, the Company is marketing lubricating oil for all modern vehicles and sophisticated machinery.

In order to operate marketing activities in properly our Company has a technical service section. This section is providing full technical support to our field level officers and to our prestigious customers to reply their queries regarding our product's specification, quality and other technical

অন্যান্য টেকনিক্যাল বিষয়সমূহের ব্যাখ্যা প্রদান করে থাকে। নতুন লুব্রিকেন্টস্ পণ্য বাজারে আসার সময়, গাড়িতে ও ইন্ডাস্ট্রিয়াল মেশিনারিতে সঠিক লুব্রিকেন্টস্ পণ্য ব্যবহারের সচেতনতা বৃদ্ধির জন্য কোম্পানি কর্তৃক সময়ে সময়ে দেশব্যাপী কোম্পানির ডিলার, গ্রাহক এবং প্রান্তিক ব্যবহারকারীদের সাথে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়। কোম্পানির পরিকল্পনা হচ্ছে কোম্পানির কর্মশক্তিপূর্ণ বিপণন এবং টেকনিক্যাল টিমের মাধ্যমে অটোমোটিভ এবং শিল্প সেক্টরে লুব্রিকেন্টস্ বিক্রয়ের মার্কেট শেয়ার বৃদ্ধি করা।

(চ) মানব সম্পদ ব্যবস্থাপনা

পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড এই বিষয়ে পুরোপুরি অবগত আছে যে, কোম্পানির প্রবৃদ্ধি এবং সাফল্যের মূল হচ্ছে কোম্পানির সবচেয়ে বড় সম্পদ অর্থাৎ মানব সম্পদের অবদান ও দায়িত্বের প্রতি একাগ্রতার ফল। উচ্চ প্রতিভাসম্পন্ন, ত্যাগী ও দক্ষ জনশক্তি প্রতিযোগিতামূলক বাজারে বিশাল সুবিধা হিসেবে কাজ করে এবং আপনাদের কোম্পানি সেই গুরুত্বপূর্ণ বিষয়টি পুরোপুরি অবগত।

জনশক্তির প্রশিক্ষণের বিষয়ে গুরুত্ব অনুধাবন করে কোম্পানি কর্মকর্তা এবং শ্রমিক-কর্মচারীদের ব্যক্তিগত দক্ষতা বৃদ্ধি এবং প্রতিষ্ঠানের পেশাগত চাহিদা পূরণের জন্য কর্মচারীদের প্রশিক্ষণ খাতে একটা ভালো অর্থ ব্যয় করে। আপনাদের প্রতিষ্ঠানের মানব সম্পদ উন্নয়নের জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বেশ গুরুত্ব দেয়। অফিস এবং অফিসের বাইরে বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে কোম্পানি তার কর্মকর্তা এবং শ্রমিক-কর্মচারীদের ক্রমাগত উন্নয়ন ও শিক্ষার সুযোগ করে দিচ্ছে। সারা দেশে কোম্পানির মোট ২৮৭ জন কর্মকর্তা ও ৮২৩ জন শ্রমিক-কর্মচারী কোম্পানির কর্মকান্ডে জড়িয়ে আছে।

কোম্পানিতে বিপিসি কর্তৃক প্রণীত নিয়োগ নীতিমালা অনুসারে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া চালু রয়েছে। যার উদ্দেশ্য হলো কোম্পানির ভবিষ্যৎ নেতৃত্বের জন্য সেরা মানব সম্পদ তৈরী করা।

(ছ) স্বাস্থ্য, নিরাপত্তা ও পরিবেশ

আপনাদের প্রতিষ্ঠান নিরাপত্তা বিষয়কে সবসময় বড় বিনিয়োগ হিসেবে মনে করে। পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড নিরাপত্তা বিষয়টাকে বিশেষভাবে গুরুত্ব দেয়। আমরা বিশ্বাস করি সকল দূর্ঘটনা প্রতিরোধযোগ্য এবং

features raised time to time during product marketing. We sometimes carry out countrywide different programs with our dealers, customers and end-users to launch new lubricant product, to develop awareness to use right lubricants into their vehicles and industrial machinery. Our plan is to increase our market share of lubricants in automotive and industrial sector with our dynamic sales and technical teams.

(f) Human Resource Management

POCL is fully aware of the fact that its significant growth and success is an outcome of the contributions and commitment of the Company's greatest asset, which is its human resource. The high caliber, dedicated and efficient people are a source of competitive advantage for the business and our Company is fully focused on the important aspect.

